

পথের সম্বল

زاد على الطريق

ترجمة باللغة البنغالية

অনুবাদেঃ-আব্দল হামীদ আল-ফায়যী

CO-OPERATIVE OFFICE FOR CALL & FOREIGNER'S GUIDANCE AT AL-MAJAMA'AH, P.O. BOX # 102
AL-MAJMA'AH-1195C; KINDOM OF FAUDI ARABIA.
TEL & FAX # 06 452 3949

جمع وإعداد وترجمة وصف

المكتب التعاوني للدعوة والإرشاد وتوعية الجاليات في معافظة المجمعة

ص. ب. ٢٠٠٢ الرمز البريدي ١١٩٥٢ المجمعة؛ المملكة العربية السعودية.

حقوق الطبع محفوظة إلا لمن اراد طبعه وتوزيعه لوجه الله تعالى

المكتب التعاوني للدعوة والإرشاء في المجمعة ١٤٧٠ هـ كريسة مكتب المعاوني للدعوة والإرشاء في المجمعة ١٤٧٠ هـ كريسة مكتب المعالى الدورة والإرشاء والان المعاونية والمحاونية والإرشاء والمحاونية والمحاوني

الطبعة الأولى ١٤١٨هـ

إعداد وترجمة ودف

المكتب التعاونةي للدعوة والإرشاء وتوعية الجاليات فتى محافظة المجمعة المجمعة ١١٩٥٢، ص.ب. ١٠٠٠، هاتف وفاكس ٢٩٤٩ ٢٢٤ ٦٠

هذا الكتاب

احتوى على فتارى مهمة في حياة كل مسلم، وخُلُّ هذه التوجيهات من كلام أهل العلم، أمشـال سماحـة الشيخ عبد العزيز بن باز، والشيخ عمد بن صالح العيمين، والشيخ عبد الله بسن حبرين (حفظهم الله)، وقام فضيلة الشيخ عبد الله بن حوين(حفظه الله) بمراحعته، والتقديم له. وتمُّ جمع وإعداد هـذا الكتـاب من قبل اللجنة العلمية في الكتب؛ والمَّت ترجمته -و لله الحمد - إلى اللغة البنغالية، وفيمما يلمي فهرساً فيتوى هذا الكتاب.

فضل وآداب الذكر

الأذكار الواردة والأدعية اليومية صغة الوضوء صفة الغسل صفة التيمم بعض مخالفات الطهارة

الصلاة فضلها واهميتها كيفية صلاة النبي عَلَيْهُ الأذكار التي تقال بعد الصلاة تبيهات على بعض الأخطاء التي يفعلها بعض النام

حكم رفع اليدين بعد الفريضة كيف يصلى المريض حكم صيام من لا يصلى ماذا يفعل الرجل إذا أمر أهله بالصلاة ولم يصلوا حكم تارك الزكاة

حكم السلام على غير المسلمين

حكم التبرك بالقبور حكم الكتابة على القبور

حكم الذهاب إلى المشعوذين حكم الاحتفال بالمولد النبوي

حكم الاستهزاء بالملتزمين

حكم الصلاة في مسجد فيه قبر

حكم تهنئة الكفار باعيادهم

تجهيز المبت والصلاة عليه

حكم تقبيل أقارب الميت

حكم السفر من أجل العزاء

حكم العمل في البنوك الربوية

حكم خروج المرأة للاسواق

حكم شرب الدخان وبيعه

حكم لعب الورق والشطرنج

حكم التصفيق والتصفير

حكم مشاهدة التلفاز

حكم التعزية بالصحف

الحجاب الشرعي

حكم اللعن

حكم اللواط

حكم الغناء

حكم التصوير

حكم المراهنة

التوبة

واخيرأ

حكم لبس النقاب

حكم العادة السرية

حكم حلق اللحبة

حكم إسبال الثياب

مكان العزاء ووقته



আলাহ ছাড়া আনার উদ্দেশো যবেহ শির্ক ----- ১৮ জায়েয় ও নাঞ্জায়েয় ঝাড়-ফুঁক ------ ২১ ওয় ও তার নিয়ম ------২ ৪ গোসল ও তার নিয়ম ------২৫ ভাষ্যাম্মান ও ভান্ত নিয়ন্ত পবিৱস্তা অর্জনে কিছ ভুন আচরণ ----- ২৫ নামায, তার মর্যানা ও গরুত্ত ------ ২৮ নবী সং এর নামার পর্ভার পদ্ধতি ----- ৩২ ফরম নাম্বাহ্নর পার পরিন্য যিকর ----- ৪৪ নামায়ে নালাবীসের প্রতি কিছু ক্রটির উপর সতর্কীকরণ------ ৪৬ ফর্য নামনের পর হাত ত্রেন দ্যা ----- ৫০ পরিজন নামাধ না পড়াক ----

미প의 -----

বিষয়	
উপস্থাপনা	
ভূমিকা	
ক্বর স্বারা তাবর্রুক গ্রহণ,তা তওয়াফ করা ও গায়রুৱাহর না	মে
কবরের উপর লিখা	
নবী দিবস পালন	
দৈব্য চিকিৎসকের নিকট চিকিৎসা	
ধর্মভীরুদের প্রতি বিদ্রুপ হানা	
অমুসলিমকে সালাম	
কাফেরদেরকে মুবারকবাদ দেওয়া	
कार्मिक कांच्ये कार्यात योग्य क्षत्रय कर्ता	

	কবরের ডপর লেখা
	নবী দিবস পালন
١	দৈব্য চিকিৎসকের নিকট চিকিৎসা
	ধর্মজীরুদের প্রতি বিদ্রুপ হানা
ı	অমুসলিমকে সালাম
ı	কাফেরদেরকে মবারকবাদ দেওয়া

_		
۱	বেনামাযীর রোযা	¢8
l	রোগী কি ভাবে নামায পড়বে	60
١	অন্ত্যেষ্টিক্রিয়া ও জানাযার নামায	eb-
I	প্রাত্যহিক দুআ ও যিকর	62
I	যিক্রের কিছু আদব	40
١	ঘুম থেকে জাগার সময় যা বলতে হয়	58
l	আযানের সময় ও তার শেষে যা বলতে হয়	
Į	প্রমাব-পায়খানার পূর্বে ও পরে দুআ	
I	অযুর শুরু ও শেষে যা বলতে হয়	
I	গৃহ হতে বের হতে ও গৃহ প্রবেশ করতে দুআ	55
I	মসজিদ প্রবেশ ও নির্গমকালে	
١	খাওয়ার আগে বা পরে যা বলতে হয়	35
I	নতুন কাপড় পরতে ও খুলতে দুআ	50
Ì	যানবাহন চড়ার সময়	30
١	বাজারে প্রবেশ কালে	90
l	মজলিস থেকে উঠার সময়	95
Į	দ্বীসক্ষরের সময়	95
۱	শয়ন কালে যা পড়া হয়ে	95
l	যাকাত ত্যাগকাবীৰ বিধান	90
l	সমলিঙ্গী ব্যক্তিয়ার	90
ı	মৃতব্যক্তির আজীয়নের্ছে চুবুল	99
١	কবরের উপর ভল	99
ı	তাযিয়ার জন্য সফ্র ভব	99
١	তাৰিয়াৰ স্থান ও সভা 💮 💮 💮 💮 💮 💮 💮 💮 💮 💮 💮 💮 💮	٩b
l	পত্র-পত্রিকার মাধ্যতে প্রচী ও পত্র	96
l	সদী বাজে তাং গ্রহণ ও চন্দ্রী কল	93

THE RESERVE AND RESERVE SHOW THE RESERVE SHOWS AND RESERVE SHOW THE RESERVE SHOWS AND RESERVE SHOWS AN

	ব্যাঙ্কে চাকরী	6.9
I	ব্যায়াম চর্চা	b-2
II	হস্তমৈথন কি ?	· 64
I	ছবি তোলা	ъ8
	মিউজিক শ্রবণ ও টিভি দর্শন	64
II	বিধিসম্মত পর্দা	
li	হাত তালি দেওয়া ও শিস কাটা	
II	গাঁট্রের নিচে কাপড় ঝলানো	
li	তাস ও দাবা খেলা	20
lI	মহিলার মার্কেট করা	06
lI	ধুমপান করা ও তা বিক্রয় করা	>8
۱	অবৈধ কর্মে দোকান ভাড়া দেওয়া	26
li	তৰ্কপণ	20
li	দাড়ি চাঁছা ও ছাঁটা	46
li	টেলিভিশ্ন	500
l	অভিসম্পাত	502
	আরাহ আরশে	200
I	দর্গায় উৎসর্গীকৃত-পশুর মাংশ	300
	কবরযুক্ত মসজিদে নামায	500
	জালসা বা দর্সের শেষে হাত তুলে দুআ	509
	গভিনী প্রেমিকাকে বিবাহ	506
۱	তওবা	500
l	পরিশিষ্ট	332
l	আর সাবধান হন	550
I	*********	

然到高端

উপস্থাপনা

(হযরত শায়খ আব্দুল্লাহ বিন আব্দুর রহমান আল-জিবরীন) আলহামদ লিল্লা-হি রাব্দিল আ-লামীন অসসালা-ত অসসালা-

আলহামদু লিল্লা-হি রান্ধিল আ-লামীন, অসসালা-তু অসসালা-মু আলা মুহাস্মাদিউ অ আ-লিহী অসাহবিহু অ বা'দ ঃ-

পথ ও সফরের সম্বলমূর্প বিভিন্ন উপদেশ ও নির্দেশবানী সম্বলিত অত্র পুস্তিকা থানি আদা-প্রান্ত পাঠ করলাম। সতাই তা নিজ বিষয়াবলীতে সমৃদ্ধ ও সুন্দর। তাওহীদ, নামায,সদাচারণ, সাক্তরিত্রতা শিক্ষায় এবং পাপ-পরিলতা ও ঘূণা আচরণ থেকে দূরে থাকার ব্যাপারে

এখেকে সকলেই উপকৃত হবে। পুরিকাটিকে সুন্দর বুপদান করতে সেই সমস্ত ওলামাগণের রচনাবলী সংকলিত হয়েছে বারা শরীয়তের স্পষ্ট উক্তির অনুগামী এবং বাদের

মত ও পথ দলীল দ্বারা বলিষ্ঠা এতে সেই সকল বিষয়বিলী স্থান পেয়েছে যা বর্তমান যুগে নিতান্ত জকরী ও প্রয়োজনীয়।আল্লাহ এর সংকলককে উত্তম প্রতিদান দান করুন। এর দ্বারা সকল মুসলমানকে উপকৃত

উত্তম প্রতিদান দান জরুন।এর দ্বারা সকল মুসলমানকে উপকৃত করুন।আল্লাহট সরল এ স্ফিক প্রথব দিশারী। অ সালালাহ অসালামা আলা মুহাস্ফাদিউ অ জানলিই অ সালামা।

১১/১/১৪১৫ হিঃ াজ্যত বিন আন্দর রাহমান আল জিবরীন।

নেই। আমি সাক্ষ্য দিক্ষি যে, আল্লাহ বাতীত কোন সতা উপাস্য নেই। যিনি বলেন, ﴿ أَدْعُ إِلَّ سَبِيلَ رَبُّكَ بِالْحِكْمَةِ وَالْوَعِظَةِ الْمَسْنَةِ ... ত্মি তোমার প্রতিপালকের পথে (মানুষকে) প্রজ্ঞা ও সদুপদেশের সহিত আহ্বান

এবং আমি আরো সাক্ষা দিচ্ছি যে মুহাম্মদ(সারারাহু আলাইহি অসারাম) তাঁর দাস ও (প্রেরিত)রসূল। যিনি বলেন, "তোমরা আমার নিকট হতে পৌছাও যদিও একটি আয়াত হয়।" আল্লাহ তার উপর, তার বংশধর ও সাহাবাগণের উপর এবং কিয়ামত অবধি তার পথে চলমান ব্যক্তিবর্গের উপর রহমত এবং অধিক অধিক শাশ্তি বর্ষণ

আল-মাজমাআয় অবস্থানরত প্রবাসীদেরকে দাওআত ও নির্দেশের জন্য সমবায় কার্যালয় পাঠকের খিদমতে এই পৃস্তিকা খানি পেশ করতে পেরে আনন্দ বোধ করছে। যে পৃষ্টিকায় রয়েছে ব্যক্তি ও সমাজ জীবনের বহু গুরুত্বপূর্ণ বিষয়ের উপর কয়েক গুচ্ছ ফতোয়া এবং প্রবন্ধ। যা মহামানা ওলামা শায়খ আব্দুল আযীয় বিন আব্দুলাই বিন বায, শায়খ মুহাস্মদ বিন সালেহ আল-উসাইমীন এবং শায়খ আব্দুৱাহ বিন আব্দুর রহমান আল-জিবরীন কর্তৃক লিখিত ও পরিবেশিত হয়েছে। আরাহ তাঁদের হিফাযত

আমরা মহান আল্লাহর নিকট প্রার্থনা করি যে, তিনি তাঁদেরকে বৃহৎ প্রতিদান প্রদান করুন যাঁরা এই পুস্তিকাটি প্রস্তুত করতে, ছাপতে ও মুসলিমদের মাঝে প্রচার করতে

আল্লাহ তাআলা আমাদের নবী মুহাস্ফদ, তাঁর বংশধর ও সাহাবাগণের উপর রহমত ও শান্তি বর্ষণ করুন। *অস্সালামু আলাইকুম অরাহমাত্রাহ।*

যাবতীয় প্রশংসা আল্লাহর জনা। আমরা তাঁর প্রশংসা করি। তাঁরই নিকট সাহাযা

প্রার্থনা করি,তার নিকটেই ক্ষমা ভিক্ষা করি এবং আমাদের আত্মার মন্দ ও নোংরা

আমল হতে আরাহর নিকট আশ্রয় প্রার্থনা করি।আরাহ যাকে পর্থনির্দেশ করেন তাকে স্রষ্ট করার কেউ নেই। এবং তিনি যাকে স্রষ্ট করেন তাকে পর্থানর্দেশকারী কেউ

কর। (সূরা নাহল ১২৫)

ককন।

করুন।

অংশ গ্রহণ করেছেন।

***ভমিকা ***

﴿चे/द्रुप्तर्थ हम्म १ च. च.) कर विक्ता कान १ वे वेक हैं १ हन कर्य है। हन है वे हने हैं चर्चां ९८ वर्गां के आहारन शहक बता উপাসাहक আহ্বান করে यात निकछी व विश्वास देश निक्ता नहीं के विश्वास कार्यां के विश्वास विक्रा निक्ता আহ्वा निक्ता वाह्यन निक्ता आह्यां निक्ता स्थानन

বন্ধর প্রভাজ সাবান্ত করা হয় যে সম্পর্কে আবাহে কোন দলীল অবতীন বাহনেনি।
সন্ধানে সংক্রিবানেক এ ধরণের তাবার্কক নেওয়ার আচনক ছিল না। অতত্ত্বকরি
দিক দিয়ে তা বিলম্মাত বলে পথা হাবে। স্পালারর রাগ্য ভাবার্কক প্রকর্মনী এই
দিক দিয়ে তা বিলম্মাত বলে পথা হাবে। স্পালারর রাগ্য ভাবার্কক প্রকর্মনী এই
বিশ্বাসা বাহে যে, করবর্মনীর কোন প্রভাক-অহতা আছে, অথবা আমিট্র নিবারকার
বাব্য ইর নামে কোন পানি আছে এক তাবে ও উল্লেখনী আহিল বার বাহবে
তা শির্ক আকরর বা বৃহত্তম শির্ক হবে। তদনুপুপ করবর্মনীর ভাবীম ও মামীপা
লাভের জিলোন কন্তু মিজন অথবা যাবের হাবা ভাব কনা ইবানত করবেলও শির্কে
আকরর হয়। আমাহ ভাবান-লাব্যক্তম

কামনা করি। আল্লাহ আমাদের ও মুসলিমদের তরফ থেকে আপনাকে নেক বদল দান করনা, অসসালা-মু আলাইক্যুম অ রাহমান্ত্রনাতি অ বারাকা-তুই। উত্তর হ অ আলাইক্যুম সালা-মু অ রাহমান্ত্রনাতি অ বারাকা-তুই। কবং মুমা তাবারকৈ গ্রহণ হারাম এবং এক প্রকার দিক। যেতে ওতে এমন

শপথ, সম্পদের শপথ" ইত্যাদি? আবার এ ধরনের শপথকারীকে নিষেধ করলে বলে, এটা আমাদের অনায়াসদিভ অভ্যাস। তাই আমার এ বিষয়ে আলোকপাত কামনা করি। আরার অমাদের ও মুসলিমদের তরত থেকে আপনাকে নেব ধলা দান করন। অসমালা, মুআলাউক্য অ বাত্যাবলা, তি অ বাবার, সভা

আসসালামু আলাইকুম অবাহমাতুরা-হি অবারাকা-তুহ। করর দ্বারা তারার্কি গ্রহণ করা, কোন প্রয়োজন মিচিনো বা সান্নিধা লাভের উদ্দেশ্যে করের চতুপার্ন্দ্র ওওয়াফ করা কিং তদন্তুপ গাবেকরাহর নামে শশথ করা কিং সুযোম, "নবীর কসম, তোমার জীবনের কসম, আমার অভিজাতোর

কবর দারা তাবার্বুক গ্রহণ করা, তা কেন্দ্র করে তওয়াফ করা এবং গায়ড়য়াহর নামে শপথ করা কি?
প্রশ্নঃ মহামন্য শায়খ মহাস্মদ বিন সালেহ আলউসাইমীন (হাফেয়াছয়হ)!

প্ধা সম্পন

তাদেরকে বলেছিলেন

সাহায্যকারী নেই।(সরা মা-য়েদাহ ৭২আয়াত)

﴿ فَمَنْ كَانَ يَرْحُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلُ عَمَلاً صَالِحاً وَلا يُشْرِكُ بِهِيَادَةِ رَبِّيهِ أَحَداً﴾ অর্থাৎ-যে তার প্রতিপালকের সাক্ষাৎ কামনা করে সে যেন সংকর্ম করে এবং তার প্রতিপালকের ইবাদতে কাউকেও শরীক না করে।(সরা কাহাফ ১১০আয়াত) আর শির্কে আকবরের মৃশরিক কাফের ।সে চিরস্থায়ী জাহান্নামবাসী হবে এবং

আর গায়রুল্লাহর নামে শপথ : যদি শপথকারী যার নামে শপথ করে তার জনা এই বিশ্বাস রাখে যে, আরাহ তাআলার মর্যাদার মত তারও মর্যাদা আছে তাহলে সে শির্ক আকবরের মশরিক। যদি সেই বিশ্বাস না থাকে বরং তার অন্তরে যার নামে শপথ করছে তার প্রতি তা'যীম থাকে যার কারণে সে তার নামে শপথ করতে উত্বন্ধ হয় এবং আল্লাহর মর্যাদার নাায় তারও মর্যাদা আছে-এ কথা বিশ্বাস না রাখে, তাহলে সে ছোট শিকের মুশরিক। যেহেত্ নবী সাল্লালাছ আলাইহি অ সাল্লাম বলেন,"মে গায়রুল্লাহর নামে শপথ করে সে কৃফরী করে অথবা শির্ক করে।" যে কেউ কবর দারা তাবার্বক গ্রহণ করে ,কবরবাসীকে আহ্বান করে অথবা আল্লাহ ছাড়া অন্য কারো নামে কসম খায় তাকে বাধা দেওয়া ওয়াজেব এবং স্পষ্ট করে বঝানো উচিত যে, এসব তাকে আৱাহুব শান্তি থেকে নিম্ভার দেবে না। পক্ষাম্বরে শপথকারীর এই কথা যে 'এটা আমদের অন্যহার্সাসড় অভ্যাস।' তো এই দলীলই হল মশরিকদের দলীল যারা রসলগণকে মিখ্যা মনে করেছে। তারা বলেছে , ﴿ إِنَّا وَجَدُّنَا عَامَا عَلَى أَشَّةٍ رَإِنَّا عَلَى عَاتَارِهِمْ مُقْتَدُونَهُ অর্থাৎ-'আমরা তো আমাদের পূর্বপুরুষদেরকে এক মতাদর্শের অনুসারী পেয়েছি এবং আমরা তাদেরই পদান্তানুসারী।'(সর। যুখর্ফ ২৩ আয়াও) যখন রাসুল

জান্নাত তার জন্য হারাম হবে। যেহেত আল্লাহ তাআ-লা বলেন, ﴿ إِنَّهُ مَنْ يُشْرِكُ بِا فَغِ فَقَدْ حَرَّمَ اللَّهُ عَلَيْهِ المُّنَّةَ ، وَمَأْوَاهُ النَّارِ وَمَا لِلْظَالِمِيْنَ مِنْ أَنْصَارِ ﴾ অর্থাৎ-অবশাই যে কেহ আল্লাহর অংশী করবে নিশ্চয় আল্লাহ তার জনা বেছেখ হারাম করবেন ও তার বাসস্থান হবে দোয়খ এবং অত্যাচারীদের জন্য কোন

﴿نَ رَازُ لِحَدُمُ مِنْ اللَّهِ وَمَا لَمُ اللَّهِ فَمَا لَهُ فَا لَهُ لَهُ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللهِ كَالِهُ وَاللَّهُ اللَّهُ اللَّا اللَّهُ اللَّا اللَّاللَّا اللَّا اللَّهُ اللَّلَّا اللَّهُ الللَّ اللَّالِمُ اللَّهُ اللَّهُ اللَّهُ الل

﴿ فَاتَّنْقَمْنَا مِنْهُمْ ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَائِيهُ الْمُكَذِّينَ

অর্থাৎ, অতঃপর ওদের নিকট থেকে আমি প্রতিশোধ গ্রহণ করলাম। দেখ, মিথ্যাচারীদের পরিণাম কেমন ছিল? (সূরা যুবরুফ ২৫আয়াত) কারো জন্য তার বাতিলের উপর এই বলে দলীল ধরা বৈধ নয় যে সে তার

পূৰ্বপূক্ষদের ঐ পূপ করেও দেখেছে, অথবা এটা তার অভ্যাস- ইত্যাদিয়াদী এ ধরনের তোন দলীল কেউ দেনে থাকে তবে আারার তাআলার নিকট তা আমার ও বার্ধা তা তোন লাজও দেবে না এবং কোন উপকারেও আসারে না তাই ধার আনুবুপ বাাধিগ্রান্ত তাদের উচিত, আারাহর প্রতি তওবা (প্রত্যাবর্তনা) করা এবং সতোর অনুসরধ করা – প্রত্যুত তা ঢাখানেই হোল, বার নিকটি দেকেই হোল এবং মনেই হোল। সত্য প্রধান করেও দানি দ্বান্ধাপ্রকার আছার্কা ও অভ্যাস অথবা ভনসাধারদের ভর্তমনা তাকে প্রতিহত না করে। করেণ প্রকৃত মুমেন সেই যে আারাহর ওয়ান্তে কোন তিরম্বান্ধক প্রাহ্য করে না এবং আারাহের দ্বীনা থেকে কোন প্রতিবন্ধক তাকে বাবা দিক্তি পারে না

আল্লাহ যা পছন্দ করেন তা করতে তিনি সকলকে প্রেরণা দান করুন এবং যাতে তার ক্রোধ ও শান্তি আছে তা থেকে রক্ষা করুন।(আমীন)

লিখেছেন মুহাম্মদ বিন সালেহ আল-উসাইমীন। ১৩/১০/১৪১২টিঃ

20/2-/2021

কব্যুৱর উপর লিখা কি? প্রশ্নঃ- কব্যুৱর উপর লিখা অথবা বিভিন্ন রং দ্বারা চিহ্নিত করা কি হ উত্তর :- রং করা চুনকাম করারই অন্তর্ভুক্ত। আর নবী সারায়াহ আলাইহি অ সারাম কবর চুনকাম করতে নিষেধ করেছেন। তদনুপুণ এই (বং করা)মানুদের পরস্পর গর্ববাধ করার অসীলাও এটে, খাতে কবর সত্ত্ব। পরিশত হবে। সুতরাহ তার ফেলেড দুরে থাকাই উচ্চিত

আর কবরের উপর কিছু লিখার কথা; তো নবী সারারাহ আলাইছি অ সারাম লিখতে নিয়েধ করেছেন।অবদা কিছু ওলাম এ বাপারে সহজ করেছেন, যি লিখা কেবল চিহ্ন বারার ভনা হয়। অবহু স্থাবাতিক কেবল স্থাংসাদি না হয়। আর নিয়েধের হাদীসকে সেই অবস্থার উপর নির্দিষ্ট করেন, যে অবস্থায় কররবাসীর তা'খীমের উদ্দেশ্যে লিখা হয়। এবং এর দলীলে বলেন যে, কবরের উপর নিখা নিষিদ্ধ হওয়ার বাাগারীটা কবরের চুনকাম ও তার উপর ইমারত বানানো নিষিদ্ধ হওয়ার বাাগারের অনলগ।**

(সাবউনা সুয়ালান ফী আহকা-মিল জানা-ইয, মুহাস্মাদ আল-উসাইমীন।)

নবীদিবস পালন করা যাবে কি?

প্রপ্নঃ - ১২ই বৰীউল আওবাল নবী সামান্তাৰ আলাইছি আমান্তানে পৰিত্ৰ লম্মনিন উপপদক্ষে ইয়েৰ মত নিনে ছুট না মানিত বাতে মানিত্যে সমাতে হয়েও তাঁৰ পৰিত্ৰ জীবন-চৰিত আলোচনা কৰা মুসনিম্যনে জনা কৈ কি লু আমান্তা এতে মতহেন্তে পাছেছি। কেউ বজে বিশ্বআতে হাসনাধ্যোগৰ কেউ বলে , গায়ব সমানাহ ?

উত্তর ১- ১২ই রবীউল আওয়াল বা অন্য কোন এতে নবী সাধ্যাধ্যাও আলাইছি অ সাধ্যামের জন্মদিন উপলক্ষে সমবেত হয়ে নবী দিবদ পালন করা মুসলিমদের জন্য বৈধ নয়। যেমন তিনি ছাড়া অন্য কারে জন্মদিন পালন করাও তাদের জন্য

११ श्रम বৈধ নয়। যেহেত্ জন্মদিন পালন দ্বীনে অভিনব বিদআত সমহের অন্তর্ভক্ত

কেননা নবী সাল্লাল্লান্থ আলাইহি অসাল্লাম তার জীবনে নিজের জন্মদিন পালন করেননি, অথচ তিনি দ্বীনের মুবাল্লিগ ও প্রচারক এবং মহান প্রতিপালকের নিকট থেকে অনুশাসন প্রতিষ্ঠাতা।এ ব্যাপারে তিনি কোন নির্দেশও দেননি।তার পর তার খোলাফায়ে রাশেদীন,তার সমস্ত সাহাবাবর্গ এবং স্বর্ণযুগের নিষ্ঠাবান তাবেয়ীনবৃন্দও

তা পালন করে যাননি। যাতে প্রতীয়মান হয় যে, তা বিদআত। রসুল সাল্লাল্লাছ আলাইহি অ সাল্লাম বলেন, "যে ব্যক্তি আমাদের এ ব্যাপারে(দ্বীনে)কোন কিছ অভিনব রচনা করল যা এর অন্তর্ভক্ত নয় তা রহিত (ব্যতিল)।"(বখারী ও

মুসলিম) 'মুসলিম'এর এক বর্ণনায় আছে যা বুখারী বিনা সনদে প্রত্যয়ের সাথে বর্ণনা করেছেন, তিনি বলেন, "যে ব্যক্তি এমন কোন কর্ম করে যাতে আমাদের কোন নিৰ্দেশ নেই তা প্ৰত্যাখ্যাত।"

জন্মদিবস পালন করার ব্যাপারে নবী সারাব্রাহু আলাইহি অ সারামের কোন নির্দেশ নেই বরং তা পরবর্তী যুগের লোকেরা ধর্মে নতন ভাবে প্রক্ষিপ্ত করেছে যা বাতিল বলে গণ্য হবে। নবী সাল্লাল্লাহ আলাইহি অ সাল্লাম জুমআর দিন খুতবায়

বলতেন,"অতঃপর নিশ্চয় উত্তম বাণী আল্লাহর গ্রন্থ এবং উত্তম পথ-নির্দেশ মহাম্মদ সারারাত আলাইহি অসারামের পথ-নির্দেশ। সব চেয়ে মন্দ কর্ম ওয় অভিনব রচিত কর্ম সমূহ। এবং প্রত্যেক নব কর্মই বিদআত, আর প্রত্যেক বিদআতই ভ্রম্টতা।" এ হাদীসটিকে মুসলিম তার সহীহ গ্রন্থে বর্ণনা করেছেন। নাসাঈও হাদীসটিকে উত্তম সন্দ দারা বর্ণনা করেছেন। যাতে এ কথাটিকেও

'অতিরিক্ত করা হয়েছে, "এবং প্রত্যেক ভ্রষ্টতার স্থান দোযখে।" পক্ষান্তরে মসজিদ ও মাদ্রাসা ইত্যাদিতে রসল আলাইহিস সালাত অসসালামের জীবন-চরিত এবং জাহেলিয়াত ও ইসলামে তাঁর জীবনেতিহাস সম্প্রক পাঠাবলীর সহিত তাঁর জন্ম-সংক্রান্ত হাদীস ইত্যাদি প্রশিক্ষণ তাঁর জন্ম দিবস পালনের অভাব পুরণ করবে। যাতে নতন ভাবে কোন এমন অনষ্ঠান পালনের প্রয়োজন থাকবে না, যা

আল্লাহ বা তাঁর রস্ত্রল বিধিবদ্ধ করেননি এবং যার প্রমাণে কোন শবয়ী দলীলও বর্তমান নেই।

আধ্রাহই সাহায্যস্থল। আরাহর নিকট আমরা সকল মুসলমানের জন্য সুরাহর উপর যথেষ্ট করার এবং বিদআত থেকে বাঁচার হেদায়াত ও তওফীক প্রার্থনা করি। (ফাতাওয়া কিতাবিদ দা'ওয়াহ, ইবনে বায ১/২৪০)

দৈব চিকিৎসকের নিকট চিকিৎসা

প্রপ্রাঃ এক দ্রেপীর মানুন যাবা তাদের প্রন্যান্ত্রীয় দেখীয় চিকিৎসা দ্বারা
চিকিৎসা করে। আমি মধন তাদের একজনের নিকট গোলার অবনা স্থাবার
চিকিৎসা করে। আমি মধন তাদের একজনের নিকট গোলার অবনা স্থাবার্যন্তর
কলক, 'তোমার নাম' ও তোমার মানের নাম লিও এবং আগামীকাল বিশ্বর আম'।
অত্যপর ঐ বাক্তি যবন তাদের নিকট গুনরার ফিরে আলে তবন তারা তাকে বলে,
'তোমার অবনুক রোগা প্রয়েছে বা এই দেনা হুয়েছে এবং তোমার চিকিৎসা এই বা
রা'। ওলের একজন বকছে, ও নাকি চিকিৎসা আমারের কালাম ব্যবহার বা
রা'। ওলের একজন বকছে, ও নাকি চিকিৎসা আমারের কালাম বাবহার বা

সূত্রাং ওদের মত চিকিৎসক প্রসঙ্গে আপনার অভিমত কি ? এবং চিকিৎসার জন্য ওদের নিকট যাওয়া বৈধ হবে কি ?

উত্তৱ :- যে চিকিৎসক তার চিকিৎসাম এবুণ করে থাকে তা এ কথারই প্রমাণ যে, সে জিন বাবহার করে এবং গার্মেণী থকা রাখাদ দাবী করে। মৃত্যান্ত তার দিটা চিকিৎসা করানো হৈব না। সেনা তার নিকট যাওবা, তাকে কোন বিষয়ে প্রপ্ন করাও অইব। যেহেতু এই প্রেণীয় মানুনের জনা নানী সান্ধারাছ আলাইহি অসান্নাম ব্যক্তন, "যে বাকি কোন গণকেন নিকা একা কোন বিষয়ে জিল্পাসাবাদ করে, তার চিন্নিশ রাত নামায় করুল করা হয় না।" (কুলিখ)

বলেন,"যে ব্যক্তি কোন গণ্ডের নালক এবে কোন বিষয়ে অজ্ঞানাবাল কথে, তার চান্ধি বাত নামার ককুল কার হয় না। '(কুলিজ) পালক,সৈবজ্ঞ ও যালুকরের নিল্টা থেতে, তানেরকে কোন বিষয়ে জিজ্ঞানাবাদ নালক এবং তানের এ কার্যেক সত্যায়ন বা বিষয়ান করতে নিষিদ্ধ হওয়ার বাগগারে নবী সার্র্নার্য্য আলাইহি অসারাম থেকে একার্বিক হালীস শুক্তারে প্রমাণিত আছে। তিনি বলেন,"যে ব্যক্তি পালকের আছু আমে এবং যে যা বলে তা সত্যা বলে মানে তবে যে মুখ্যম্মাশ সার্যার্য্যাই আলাইহি 'অসারামের প্রতি অবভীগ বিষয়ের সাথে ক্যারী করে (অস্থীবার বরে)।"

সতরাং যে ব্যক্তি পাথর মেরে কভি খেলে মাটিতে দাগ টেনে অথবা রোগীকে তার ও তার মায়ের নাম অথবা কোন আত্রীয়র নাম জিদ্ধাসা করে গায়বী (অদৃশা) জ্ঞানের দাবী করে তবে এসব এই কথারই দলীল যে, সে গণক ও দৈবজ্ঞাদের অন্তর্ভক। যাদেরকে কিছ জিল্লাসা করতে এবং তাদের কথা সত্যায়ন করতে নবী সাল্লাল্লান্থ আলাইহি অসাল্লাম নিষেধ করেছেন। অতএব ওদের থেকে এবং কোন গায়বী খবর জানতে ওদেরকে জিদ্ধাসাবাদ করা খেকে ও ওদের নিকট চিকিৎসা করানো থেকে সাবধান হওয়া ওয়াজিব। যদিও তারা মনে করে যে, ওরা করআন দারা চিকিৎসা করে। যেহেত প্রকৃতত্ত গোপন করা ও প্রতারণা করা বাতিলপদ্ধীদের আচরণ, তাই ওরা যা বলে তাতে ওদেরকে সত্যবাদী জানা বৈধ নয়। আর যে ব্যক্তি ঐ ধরণের কোন মানুষের খবর জানতে পারবে তার জনা ওয়াক্তব্যুস যেন ওর খবর কর্তৃপক্ষের নিকট পেশ করে। কাথী, আমীর এবং প্রত্যেক শহরে সংকার্যে আদেশ ও অসংকার্যে বাধা দানের কেন্দ্রে অভিযোগ করে। যাতে তাদের উপর আল্লাহর ফায়সালা কার্যকরী করা হয়। এবং মুসলমানরা ওদের অনিষ্ট, বিঘু ও ওদের অসদপায়ে পরের মাল ভক্ষণ করার হাত থেকে নিরাপত্তা লাভ করতে পারে। এবং আল্লাহই সাহাযাসূল। আল্লাহর সাহাযা ছাড়া পাপ থেকে প্রত্যাবর্তন এবং সংকার্যে মনোনিবেশ করার ক্ষমতা কারো নেই।

(ফাতা-ওয়া কিতা-বিদ দা'ওয়াহ, ইবনে বায -- ১/ ২২পৃঃ)

ধর্মজীরুদের প্রতি বিরুপ হানা *
প্রশ্ন : আরাহ ও উর কদের আরাবহ গামিকলে প্রতি বিরুপ হানা কি ?
জরর : আরাহ ও তদীয় কালুকর আরাবহ ধর্মজীরুকে ধর্মের ফার্যে অনুগত
হত্যার কারেল বিরুপ করা হারাঘ এবং তা মানুবের ভানা বত বিপক্তরুদক আচরব।
কারব এ কথার আশুষা থাকে যে, ধর্মজীরুদেরকৈ তার ঐ অবজ্ঞা তাদের আরাহর

কারণ এ কথার আশস্ত্র। থাকে যে, ধর্মজীকদেরকৈ তার ঐ অবজ্ঞা তাদের আল্লাহর দ্বীনের উপর সুস্রতিষ্ঠিত থাকাকে অবজ্ঞা করার ফল হতে পারে। তখন তাদেরকৈ ঠাট্রা-বাঙ্গ করার অর্থই হবে তাদের সেই পথ ও তরীকাকে ঠাট্রা-বাঙ্গ করান যার উপর তারা প্রতিষ্ঠিত। যাতে তারা ঐ লোকেদের অনুরূপ হবে যাদের সম্প্র আল্লাহ বলেন

﴿ وَتَعِنْ سَأَلْتُهُمْ لِنَقُولُنَّ إِنَّمَا كُنَّا نَخُوضُ وَنَلْعَبُ، قُلْ أَبَا لَذِ وَنَهَاتِهِ وَرَسُولِهِ كُنْتُمْ تَسْتُمْوْتُونَ، لاَ نْعَتَفِرُواْ قَدْ كَفَرَنُمْ بَعْدَ إِيْمَانِكُمْ ۚ إِنْ نَعْفُ عَنْ طَاتِهَةِ مِنْكُمْ نُعَذَّبْ طَآتِفَةً بأنَّهُمْ كَانُوا مُجْرِمِينَ﴾

"এবং তুমি ওদের প্রণ্ন করলে ওরা নিশ্চয় বলবে, আমরা তো আলাপ আলোচনা ও ক্রীডা-ক্রৌতক করছিলাম। বল, তোমরা কি আরাহ, তার নিদর্শন ও রসুলকে নিয়ে বিদ্রুপ করছিলে? দোষ স্থালনের চেষ্টা করোনা, তোমরা তোমাদের ঈমান আনার পর কাফের হয়ে গেছ।" (সূরা তাওবাহ/৬৫-৬৬) উক্ত আয়াতটি মনাফিকদের একটি গোষ্ঠীকে লক্ষা করে অবতীর্ণ হয়। যারা রসল

সাল্লালান্থ আলাইহি অসাল্লাম এবং তাঁর সাহাবাবৃন্দকে উদ্দেশ্য করে বলেছিল, 'আমরা আমাদের ঐ কারীদলের মত আর কাউকে অধিক পেট্রুক, মিথ্যুক এবং রণভীরু দেখিন।' তখন আল্লাহ তাআলা তাদের জওয়াবে এই আয়াত কর্মটি অবর্তীণ করেছিলেন। সতরাং তাদেরকে সাবধান হওয়া উচিত যারা হকপদ্বীদেরকে নিয়ে- তার

ধর্মভীরু বলে- ব্যঙ্গ-বিদ্রুপ করে থাকে। থেহেতু আল্লাহ সূবহানাহু তাআলা বলেন, ﴿إِنَّ الَّذِيْنَ أَحْرَمُوا كَانُوا مِنَ الَّذِيْنَ آمَنُوا يَضْحَكُونَ، وَإِذَا مَرَّوا بِهِمْ يَتَعَامَرُونَ، وَإِذَا انْقَلُبُوا إِلَى أهلِهمُ الْقَلَوا فَكِهِيْنَ، وَإِذَا رَأُوهُمْ قَالُواْ إِنَّ هَٰوُلاَء لَسَالُونَ، وَمَا أُرْسِلُوا عَلَيْهم حَافِظين، فَالْيُومَ الَّذِيْنَ آمَنُوا مِنَ الْكُفَّارِ يَمِنْحَكُونَ، عَلَى الأَرَاءكِ يَنْظُرُونَ، هَلْ ثُوِّبَ الْكُفَّارُ مَا كَانُوا يَفْعُلُونَ}

"দক্ষতকারীরা মমিনদের উপহাস করত এবং যখন তাদের নিকট দিয়ে যেত তখন বক্রদৃষ্টিতে ইশারা করত। ওরা যখন ওদের আপনজনের নিকট ফিরে আসত তখন উৎফল্ল হয়ে ফিরত, এবং গখন ওদের দেখত তখন বলত, নিশ্চয় ওরাই পথভাষ্ট। ওদেরকে তো তাদের তন্তাবধায়ক করে পাঠান হয়নি। আজ বিশ্বাসী

(মমিন)গণ উপহাস করছে সতা প্রত্যাখ্যানকারী (কাঞ্চের) দলকে,সুসজ্জিত আসন হতে ওদেরকে অবংশকন করে:কাফেররা তাদের কতকার্যের প্রতিফল পেল তো?" (সরা মতাফফিফীন/২৯-৩৬আয়াত)

অতএব কোন অমুসলিম যখন মুসলিমকে সালাম দিয়ে বলৈ 'আস্সা-ম আলাইক্ম,' তখন আমরা তার উত্তরে বলব,'আ আলাইক্ম।' উপরন্ত ঠার উক্তি'অ আলাইকম' -এই কথার দলীল যে যদি ওর 'ডোমাদের উপর সালাম' বলে তাহলে তাদের উপরেও সালাম।সূতরাং ওরা যেমন বলরে আমরা ৮ ওদেরকে তেমনি বলব।এই জন্য কতক উলায়া বলেছেন যে, ইয়াহদী, গ্রীষ্টান বা আন্তাকেত অমুসলিম যখন স্পষ্ট শুদ্ধে 'আস সালামু আলাইকুম' বল্ব এখন আগণের জন্য

আলাইকা ইয়া মুহাম্মদ (তোমার উপর মৃত্যু বর্ষণ হোক,ছে মুহাম্মদ!) 'আসসা-ম' এর অর্থ মৃত্যু। তারা রস্তা সাল্লাল্লান্থ আলাইহি অসাল্লামকে মৃত্যুর বদ্দুআ দিত। তাই নবী সাল্লাল্লাছ আলাইহি অসাল্লাম বলেন, "ইছদীরা বলে, 'আসসা-মু আলাইকুম।' সূত্রাং ওবা যখন ভোমাদেরকৈ সালাম দেবে তখন তোমরা তার উত্তরে বল 'অ আলাইকম।"

অর্থাৎ- আর যখন তোমাদেরকে অভিবাদন করা হয়, তখন তোমরাও তা অপেক্ষা উত্তম অভিবাদন করবে অথবা ওরই অনুরূপ উত্তর দেবে। (সূর নিসা/৮৬আয়াত) ইয়াছদীরা নবী সাল্লাল্লাহ আলাইহি অ সাল্লামকে সালাম দিত, বলত, 'আসসা-মু

﴿ وَإِذَا خُيِّتُمْ بَحَيَّةٍ فَحَيُّوا بِأَحْسَنَ مِنْهَا أَوْ رُدُّوهَا ﴾

উত্তর ঃ- অমুসলিমদেরকে প্রথমে সালাম দেওয়া হারাম, বৈধ নয়। যেহেতু নবী সাল্লাল্লান্থ আলাইহি অসাল্লাম বলেন, "ইয়াভ্দ ও নাসাদেৱকে প্রথমে সালাম দিও না। ওদের সহিত পথে সাক্ষাৎ হলে সংকীর্ণতার প্রতি বাধ্য কর।" কিন্তু ওরা যদি আমাদেরকে প্রথমে সালাম দেয় তাহলে তার উত্তর দেওয়া আমাদের জনা

অমসলিমকে সালাম প্রশা ঃ- অমুসলিমদেরকে সালাম দেওয়া যায় কি?

(আসইলাতুম মুহিস্মাহ, ইবনে উসাইমীন ৮প্

11

शुश्च प्रचल

অতঃপর (জানতে চাই যে), প্রশ্র :- ক্রিসমাস ডে ও নববর্ষের আগমনে কাফেরদেরকে মুবারকবাদ দেওয়া যায় কি? যেহেতু ওরা আমাদের সাথে কাজ করে। ওরা যদি আমাদেরকে

আসসালামু আলাইকুম অরাহমাত্রা-হি অবারাকাত্হ।

মহামান্য শায়খ মুহাস্মাদ বিন সালেহ আল উসাইমীন হাফেযাগুৱাহ--

কাফেরদেরকে সাদর সম্ভাষণ ও মবারকবাদ

দেব।তদনুরূপ ওদেরকে প্রথমে স্থাগত জানানোও বৈধ নয়। যেমন, 'আহলান অ সাহলান, মারহাবা' ইত্যাদি বলা,কেননা এতে ওদেরকে তা'যীম প্রদর্শন করা হয় যা ওদেরকে প্রথমে সালাম দেওয়ারই অনুরূপ। (ফাতা-ওয়া শায়খ ইবনে উসাইমীন সঞ্চয়নে আশরফ আব্দুল মাকসুদ /২ ১০-২ ১১)

দিয়ে সর্বাপেক্ষা বড়। তাই প্রথমে অমুসলিমদেরকে সালাম দিয়ে নিজেদেরকে অপদস্তু করা উচিত নয়। অতএব উত্তরের সারমর্মে বলি যে, অমুসলিমকে প্রথমে সালাম দেওয়া বৈধ নয়।যেহেতু নবী সাৱাৱাহ আলাইহি অসাৱাম এ থেকে নিষেধ করেছেন এবং যেহেতু এতে মুসলিমের লাঞ্না আছে। কারণ সে এতে অমুসলিমকে প্রথমে তা'যীম ও সম্মান প্রদর্শন করে। অথচ আল্লাহর নিকট মুসলিমই সম্মানের দিক দিয়ে অধিক উচ্চ। তাই এতে নিজেকে অপমানিত করা উচিত নয়। পক্ষান্তরে যখন ওরা আমাদেরকে সালাম দেবে তখন আমরা তাদের অনুরূপ সালামের উত্তর

'অ আলাইকুমুস সালাম' বলে উত্তর দেওয়া বৈধ হবে।অনুরূপ ভাবে অমুসলিম-দেরকে প্রথমে স্বাগত জানানো,যেমন 'আহলান অ সাহলান(স্বাগতম,খোশ আমদেদ, ওয়েল কাম প্রভৃতি)বলাও বৈধ নয়। যেহেতু এতে তাদের সম্মান ও

*११५५ प्र*पन

তা'ষীম অভিব্যক্ত হয়। কিন্তু ওরা যখন প্রথমে আমাদেরকে ঐ বলে স্থাগত জানাবে তখন আমরাও তাদের অনুরূপ বলে উত্তর দেব। যেহেতু ইসলাম ন্যায়পরায়ণতা এনেছে এবং প্রত্যেক অধিকারীকে তার অধিকার দিতে উদ্বৃদ্ধ করেছে।এবং এ কথা বিদিত যে,আল্লাহ আযয়া অ জাল্লার নিকটে মুসলিমরাই সম্মান ও মর্যাদার দিক

সম্ভাবৰ জানায় আহলে ওদেবকৈ আমরা কি ভাবে উত্তর দেবণ্ এই উপলক্ষে ওদের আয়োজিত কোন অনুষ্ঠানে যোগদান করা থৈং কিং উক্ত বিষয় সমূহের কোন একটা করে ফেললে মানুষ গোনাংগগোর হবে কিং যদি সম্বাবহার, লক্ষ্যা বা সাক্ষাই ইত্যাদিক প্রতিরে করা হয়ণ আর এ সবে ওদের অনুর্গ করা চলবে কিং এ বিষয়ে আমানেরকে ফতোমা দিনা আরাহ আপনাকে নেক বদলা গোবেন

উত্তর - আ আলাইকুমুন সালা- মু আ রাহাযুক্তা- বি অ বারাকাতুর। ক্রিসমাস ডে' অথবা অনা তেন ওদের ধর্মীয় পর্ব ও বুশিতে কাফেরদেরকে মুবারকবাদ পেওয়া সর্ববাদিসম্বাভিক্রমে অটেয়। যেমন ইবনুল কাইয়েম রাহিমাজরার তারে গ্রন্থ 'আহকা- মু আহিলিয় বিম্পার' তে নকল করেছেন। তিনি বলেন, 'বিশিষ্ট কুমরের প্রতীক ও নিদর্শনের ক্ষেত্রে ভুবারকবাদ পিশে করা সর্বাস্থ্যক্ষিত্র ক্ষায়ন। য়েমন ওলেন ঈ্যন্ধ অধার এই বুশিতে শুভাশীয় গ্রহণ কর' বলা, সোমার জনা ঈদ মুবারক হোক, অথবা এই বুশিতে শুভাশীয় গ্রহণ কর'

কাফেরদের ধর্মীয় ঈদ পর্বে তাদেরক মুখারকলন দেওজা এছ দক্ষেত্র হারাম বা ইবনুল কাইমেম উল্লেখ ব্যৱহান থেকে তথেও কৃত্তরী হার্তাপত এটার ব্যৱহান করেছে। বিভিন্নিত থাকাকে স্থীতার ৬ সমধন করা হা এবং এলেও এলা তথে সম্পর্কি প্রকাশ করা হয়াবলিত হা এই কন্তনী নিজ্জার ভাগালীক সামানিত তাবি মুসলিমের জন্য কুফরীর প্রতীকে সম্মতি প্রকাশ অথবা তার উপর কাউকে মুবারকবাদ জানান অবৈধ। কারণ আল্লাহ তাআলা ওতে সম্মত নন।যেমন তিনি বলেন.

তার দাসদের জন্য কুফরী পছন্দ করেন না। যদি তোমরা তাঁর প্রতি কৃতজ্ঞ হও তাহলে তিনি তোমাদের জন্য তা পছপ করেন। (সূরা যুমার ৭আয়াত)

﴿ اللَّوْمَ ٱكْمَلْتُ لَكُمْ وِلِنَكُمْ وَٱلْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي ْ وَرَضِيْتُ لَكُمُ الإِسْلاَمَ وِيْناكُ অর্থাৎ-আজ তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণাঙ্গ করলাম ও তোমাদের প্রতি আমার অনুগ্রহ সম্পূর্ণ করলাম এবং ইসলামকে তোমাদের দ্বীন রূপে

সূতরাং কৃষ্ণরীর উপর ওদেরকে শূভাশীষ ও সাদর সম্ভাষণ জাপন হারাম- চাহে তারা ঐ ব্যক্তির কর্মক্ষেত্রে সহকর্মী বা সঙ্গী হোক, চাহে না হোক। যখন ওরা ওদের ঈদ উপলক্ষে আমাদেরকে মুবারকবাদ জানায় তখনও আমরা তাদেরকে প্রত্যন্তরে অভিবাদন জানাতে পারি না। যেহেত্ তা আমাদের ঈদ নয়। আল্লাহ তাআলা এমন ঈদকে পছন্দ করেন না। যেহেত্ তা ওদের ধর্মে অভিনব রচিত কর্ম অথবা বিধি সম্মত কিন্তু তা দ্বীন ইসলাম দ্বারা রহিত হয়ে গেছে, যে দ্বীন সহ মৃহাস্মাদ সাৱাৱাহ আলাইহি অসাৱামকে আৱাহ তাআলা সমগ্ৰ সৃষ্টির প্রতি

﴿ وَمَنْ يَشَخَ غَيْرَ الإسْلاَمِ دِيْناً فَلَنْ يُقْبَلَ مِنَّهُ وَهُوَ فِي الآحِرَةِ مِنَ الْحَاسِرِينَ ﴾

﴿إِنْ تَكَفُّرُوا فَإِنَّ اللَّهَ غَنِينٌّ عَنْكُمْ وَلاَ يَرْضَى لِعِيَادِهِ الكُفْرَ وَإِنْ تَشْكُرُوا يَرْضَهُ

لکیک

মনোনীত করলাম। (সূরাতুল মা-য়েদাহ ৩ আয়াত)

প্রেরণ করেছেন। যে দ্বীন সম্পর্কে আল্লাহ বলেন,

অর্থাৎ-তোমরা কাফের হলে জেনে রাখ, আল্লাহ তোমাদের মুক্ষাপেক্ষী নন। তিনি

তিনি আরো বলেন

অর্থাৎ-কেউ ইসলাম ছাড়া অন্য ধর্ম চাইলে তা কখনও তার নিকট থেকে গ্রহণ করা হবে না এবং সে পরলোকে ক্ষতিগ্রস্তদের দলভূক্ত হবে।(সূরা আ-লি ইমরান ৮৫আয়াত)

এই উপলক্ষে মুসলিমনের জনা তাদের নিমন্ত্রণ গ্রহণ করাও হারাম। যেহেতু দাওয়াত গ্রহণ মুবারাকবাদ জাপন অপেক্ষা নিকৃষ্টতর। কারণ এতে ওদের ঈদে অংশ গ্রহণ করা হয়। তদনপুপ মসলমান্দের জনা এই উপলক্ষে অনাঠানাদির আয়োজন

করে পরন্দেরকে উপটোলন প্রদান করে, মিছার নিতরপ করে, বিভিন্ন প্রকার খাদা পটন করে অথবা করান্দরে ছুটি যোখনা করে কাফেরদের মাদৃশা অবলবন করা বৈধ নামান্দর্যন নবী সারারার আলাইছি অসারায় বলেন "যে ব্যাক্তি যে সম্প্রদায়ের আনুসুপা অবলম্পন করে যে তাদের দলভূত।" মাদৃশ্বলী মাদৃশ্বল ইলাম ইবনে তাইখিয়া তান গ্রন্থ 'ইকতিয়া-উন সিরাতিল মুম্বাকীয় মুখা-নাখাত আসংগ্রিক ভাইয়া' গ্রন্থনো, তাদের কিছু সুম-পূর্ব

তাদের সাদৃশ্য অবলম্বন,তারা যে বাতিলে আবচলিত তাতে তাদের অন্তর মুশীতে ভরে উঠার কারণ হবে এবং সম্ভবতঃ এই আনুরূপা তাদের সুযোগের সন্ধাবহার করতে ও দুর্বলদেরতে অধীনমূ করতে সহায়তা করবে।' যে বাাজি উপর্যুক্ত কিছু করে ফেলেডে সে সোনাহগার হবে। চাহে সে তা

শিষ্ঠানিতিবাৰপুক্র লক্ষ্যা বা অনা কিছুব খাঁহেল গড়ক না কেন। যেহেতু এমন কৰা আগ্নাহৰ দ্বীনে তোগাযোগ কৰা, আফোলেক আত্মান্দৰকে সৰল কৰে তোলা এবং তাদের ধর্ম নিয়ে গব কৰাৰ উপলবল্লেক অস্ত্রপূত্র-আগ্নাহই প্রার্থনাস্থল। তিনি মুসালম্যান্ত্রতে তাদের ধর্ম সহ সম্পানিত ও

শক্তিশালী করন। দ্বীনের উপর তাদেরকৈ গর্মান্তবা পনা করন। এবং তাদের শক্তদের বিরুদ্ধে তাদেরকে সাহায়ে ২৯৮ নিশ্চম তিনি মহাশক্তিমান পরাক্রমশালী।সমগু প্রশংসা বিশ্বজগতের প্রক্রিমশালী।সমগু প্রশংসা বিশ্বজগতের প্রক্রিমশালী।সমগু প্রশংসা বিশ্বজগতের প্রক্রিমশালী।সমগু প্রশংসা বিশ্বজগতের প্রক্রিমশালী।সমগু প্রশংসা বিশ্বজগতের প্রক্রেমশালী।সমগু প্রশংসা বিশ্বজগতের প্রক্রিমশালী।

আল্লাহ ছাডা অন্যের নামে কসম করা প্রশাঃ- আরাহ তাআলা ছাড়া অন্যের নামে কসম বা হলফ করা বৈধ কি ? পরস্তু নবী সাল্লাল্লাহু আলাইহি অসাল্লাম থেকে বর্ণিত যে, তিনি এক ব্যক্তির ব্যাপারে

বালছেন, "যদি ও সতা বলেছে তাহলে ওর বাপের কসম ও পরিত্রাণ পেয়ে যাবে।"

ইত্যাদি সবই হারাম। বরং এমন কসম করা শির্কের পর্যায়ভূক্ত। কারণ কসম করায় বয়েছে তা'যীম। আর এমন প্রকার তা'যীম আল্লাহ জালা শানুহ ছাড়া আর কারো জন্য উপযুক্ত নয়। আর যে তা'যীম কেবল আল্লাহরই জন্য সঙ্গত সেই তা'যীম দারা অপুর কাউকে তা'যীম প্রদর্শন করা শিক। কিন্তু শপথকারী যখন এই বিশ্বাস রাখে না যে, 'যার নামে সে শপথ করছে তার মহত্ব আল্লাহর মহত্বের মত', তখন তার ঐ কসম শিক্তৈ আকবর হবে না। বরং তা শিক্তে আসগর হবে। সতরাং যে ব্যক্তি আল্লাহ ছাড়া অন্যের নামে কসম বা শপথ করে সে ছোট শির্ক করে। নবী সালালাল আলাইতি অসালাম বলেন, "তোমরা তোমাদের আব্বার নামে কসম খেয়ো না। যে ব্যক্তির কসম খাওয়ার দরকার হবে সে আল্লাহর নামেই কসম খাবে,

তিনি আরো বলেন, " যে ব্যক্তি আল্লাহ ছাড়া অন্যের নামে শপথ করে সে শির্ক করে।" সূতরাং খবরদার! আপনি আল্লাহ ছাড়া অন্যের নামে কসম করবেন না। যদিও আপনি যার নামে কসম করছেন তিনি নবী সাল্লাল্লান্থ আলাইহি অসাল্লাম হন, অথবা জিবরীল বা অন্যান্য কোন রসূল, ফিরিশ্তা কিংবা মানুষ হন। যাইবা হোক, আপনি আল্লাহ ছাড়া আর কোন কিছুর নামে কসম করবেন না। বাকী থাকল নবী সাবারাহু আলাইহি অসারামের উক্তি - তো 'বাপের কসম' শব্দটির ব্যাপারে হাদীসের হাফেযগণ মতভেদ করেছেন। অনেকে ঐ শব্দটিকে অসীকার করে বলেন, 'ঐ শব্দটি নবী সাল্লাল্লাহু আলাইহি অসাল্লাম থেকে শুদ্ধভাবে প্রমানিত নয়।' অতএব যদি তাই হয় তাহলে এ ব্যাপারে আর কোন জটিলত

হায়াতের বা আমার হায়াতের কসম, অথবা মহামান্য নেতা বা জাতির কসম'

নচেৎ চপ থাকবে।"

উত্তরঃ- আল্লাহ ছাড়া অন্যের নামে কসম বা শপথ করা; যেমন 'ডোমার

. 17 <mark>অবশিষ্ট থাকে না। যেহেতু</mark> পরস্পর-বিরোধী অপর উক্তিতে প্রথম উক্তির বিরোধ থাকলে জরুরী এই যে, অপর উক্তি শৃদ্ধ ও প্রমাণিত হতে হবে। পক্ষান্তরে বিরোধী উক্তি যদি শৃদ্ধ প্রমাণিত না হয় তাহলে তা প্রথম উক্তির মকাবেলার যোগাই হয় ন এবং তার প্রতি ভ্রম্পেপও করা হয় না। অবশ্য যারা বলেন, 'উক্ত উক্তি (বাপের কসম) শৃদ্ধ প্রমাণিত' তাঁদের কথা অনুসারে এই জটিলতার জওয়াব এই যে, উক্ত হাদীস জটিল ও দুর্বোধা। পক্ষান্তরে আল্লাহ ছাড়া অন্যের নামে শপথ করা নিষিদ্ধ হওয়ার ব্যাপারে হাদীসটি স্পষ্ট ও বোধগম্য। সূতরাং আমাদের নিকট দৃটি উক্তি রয়েছে: একটি সম্পষ্ট ও বোধগম্য। অপরটি অম্পষ্ট ও জটিলতাপূর্ণ। আর সবিজ্ঞ ব্যক্তিদের নীতি এই যে, তারা অস্পষ্ট ও জটিলতাপুর্ণ উক্তি বর্জন করে সুস্পষ্ট ও বোধগমা উক্তিকে গ্রহণ করা। আল্লাহ তাআলা বলেন ♦هو الذي أنزل عليك الكتاب منه آيات عكمات هن أم الكتاب وأخر متشابهات، فأما الذين في قلوبهم زيغ فيتبعون ما تشابه منه ابتغاء الفتنة وابتغاء تأويله وما يعلم تأويله إلا الله، والراسخون في العلم يقولون آمنا به كل من عند ربناً অর্থাৎ- তিনিই তোমার প্রতি এই কিতাব অবতীর্ণ করেছেন যার কিছু আয়াত সুস্পষ্ট দ্বা**র্থহীন, এগুলি কিতাবের মূল** অংশ, আর অনাগুলি অস্পষ্ট অবোধগমা। যাদের মনে কৃটিলতা আছে তারা ফিতনা সৃষ্টির ও ভল ব্যাখ্যার উদ্দেশ্যে যা অবোধগম্য তার অনুসরণ করে। বস্তুতঃ আরাহ বাতীত অন্য কেউ এর ব্যাখ্যা জানে না। আর যারা সুবিদ্ধ তারা বলে, আমরা এ বিশ্বাস করি। সমস্তই আমাদের প্রতিপালকের নিকট থেকে আগত। (সরা আ-লি ইমরান ৭ আয়াত) উক্ত হাদীসে ঐ উক্তি (বাপের কসম) জটিলতাপূর্ণ এম্পণ্ট এই জন্য বলছি যে, যেহেত্ তাতে রয়েছে একাধিক ব্যাখ্যার সম্ভাবনা। হতে পারে ঐ উক্তি তিনি করেছেন আল্লাহর নাম ছাড়া অনোর নামে শপথ নিষিক হওয়ার পূর্বে। হতে পারে এরকম বলার বৈধতা রস্ত্র সালালাত্ আলাইহি অসালামের জনা খাস।(এখাং এরণ তিনিই বলতে পারেন, আর অন্য কেউ পারে না।) কারণ তাঁর বাংপারে শির্তের কম্পন্ন অসম্ভব। আবার হতে পারে ঐ উক্তি সেই সৰ কথাৰ পৰ্যায়ভক্ত যা অনিছাকত ভাবে কথাৰ মাত্ৰা হিসাবে মুখ থেৱে

বের হয়ে পড়ে।

অতএব উক্ত উক্তির বাপোরে ফখন এত বাাখারা অবকাশ রয়েছে তখন রসুল সারারাছ আলাইছি অসারাম হতে তা সহীভাবে প্রমাণিত হলেও আমাদের জনা আবশাক এই যে, আমরা সুস্পাষ্ট ও জটিকতাহীন উক্তিব উপর আমল করব। আর তা হল এই যে, আরাহ ছাড়া অনোর নামে কসম খাওয়া নিষিদ্ধ।

অবশ্য অনেতে একথাও বলতে পারে যে, 'আল্লাহ ছাড়া অন্যের নামে কসম অভ্যাসগতভাবে আমার মুখ থেকে বের হয়ে থাকে যা বর্জন করা দুস্কর।' তবে তার উত্তর কি?

এর উত্তরে আমরা বলি হে, এটা কোন দলীল নহ। ববং আপুনি ঠরপ কসম তাগা কর এবং ঐ অভাগে গুড়ে ছিত্র আগার লক্ষ্যে আপনার আআরা কিছল করন। আমার মনে পত্নে, আমার সমাধ্র কেন বালাগার কথা বন্ধতে বন্ধতে এক বান্তিকে নবীর নামে কসম খেতে পুন্তা আমি ওাঁকে নিয়েব করলাম। গ্রে তথন চট করে বন্ধ উক্ত, 'নবীর কসম। আর স্থিতীগারের ঐক কসম খাবান।' মঞ্চল গ্রেকথা একম করিন পুন্তা না খাবারের উপন্ত নিশ্বতাশানের ভিত্তিতেই অর্গছিল। কিছু অভাগে এমন কিনিস

্বের মুখ্ থেকে সেই কসমই পুনরাহ বের হল। তাই বলি যে, এই এল কসমের শব্দ আপনার জিভ থেকে মুহে ফেলার জন্য আপনি ধ্যাসাধ্য চেষ্টা ককন। করেণ তা শিক্। তার শিকের বিপত্তি বড় ভয়ানক -যদিও তা ঘোট হয়। এমন কি শায়খল ইসলাম ইখনে তারিইয়াহ বাহিমান্তরাহ থেনে, শিকের অপরাধ

আল্লাহ ক্ষমা করবেন না, যদিও তা ছোট শিক হয়। ইবনে মাসউদ রাঃ বলেন, 'আল্লাহ ছাড়া অনোর নামে সত্য কসম খাওয়ার চেয়ে

আৱাহৰ নামে মিখা কসম খাওৱা আমাৰ নিকট অধিক পছন্দনীয়। শাইখুল ইসলাম বছেন, 'তা এই কাৰণে হে (আনাৰ নামে সতা কসম খাওৱা হলেও তা কিব এবং আৱাহৰ নামে মিখা কসম খাওৱা কৰিবাহ (গোনাহ)। আৰ কৰিবাহ গোনাহৰ চেয়ে শিকেঁব গোনাহ অধিক বছ। '

(ফতোয়া শায়খ ইবনে উসাইমীন ১/১৭৪)

আল্লাহ্ ছাড়া অন্যের উদ্দেশ্যে যবেহ শির্ক প্রশ্না:- আওলিয়া ও সালেহীনদের কবরের নিকট শাসী যবেহ করে নৈকটালাভের আশা করা আমাদের বংশে আলও প্রচলিত। আমি তাদেরকে বহুবার নিষেধ করেছি কিন্তু তারা

19 প্রত্যেকবারেই আমার কথা ঔদ্ধত্যের সাথে প্রত্যাখ্যান করেছে। আমি তাদেরকে বলেছি 'এমন করা আল্লাহর সাধে শির্ক করা হয়।' কিন্তু বলেছে আমরা তো আল্লাহর যথাযথ ইবাদত করে থাকি। তবে তাঁর আওলিয়ার কবর যিয়ারত করলে আমাদের ফরিয়াদে

'তোমার অমুক নেক ওলীর দোহাই (অসীলায়) আমাদেরকৈ রোগ মন্ত কর্ অথবা অমুক বিপদ দূর কর' বললাম তো তাতে দোষ কি? আমি বলেছি, 'আমাদের দ্বীন কোন মার্থাম বা অসীলার দ্বীন নর।' তারা জবাবে বলেছে 'আমাদেরকৈ আমাদের নিজের অবস্থায় ছেতে দাও।

এখন আমার প্রশ্ন হল, ওদেরকৈ সংপথে ফিরিয়ে আনার লক্ষ্যে কি উপায় আড়ে বলে আপনি মনে করেন? আমি ওদের জন্য কি করতে পারি ? আমি কিরপে বিদ্যাতের বিরুদ্ধে লডতে পারি ? উত্তর দেবেন। ধন্যবাদ। উত্তরঃ- কিতাব ও সন্নাহ থেকে দলীলের ভিত্তিতে একথা বিদিত যে, আল্লাহ ছাড়া

অন্য কোন আওলিয়া, জিন, মূর্তি, প্রভৃতি সৃষ্টির উদ্দেশ্যে যবেহ করা শির্কের অন্তর্ভুক্ত। এবং তা জাহেলিয়াত ও মুশরেকদের কর্ম। আরাহ তাআলা বলেন, ﴿ قُلْ إِنْ صَلَاتِي وَسَكِي وَعَيَاى وَمُمَاتِي لللهِ رَبِ الْعَالَمِينَ، لا شَرِيكَ لَهُ وَبِذَلْك

অর্থাৎ- বল, নিশ্চয় আমার নামায, আমার কুরবানী (যবেহ) আমার জীবন ও আমার

মৃত্যু একমাত্র সেই আল্লাহ বিশ্বজাহানের প্রতিপালকেরই জনা। তাঁর কোন অংশী নেই। আর আমি এ ব্যাপারেই আনিষ্ট হয়েছি এবং আমিই প্রথম আত্রাসমর্পণকারী (মুসলিম)। (সুরা আন আম ১৬২-১৬৩ আয়াত) উক্ত আয়াতে 'নুসৃক' শব্দের অর্থ হল 'যবেহ'। আরাহ সুবহানাহ এখানে স্পষ্টভাবে ঘোষণা করেন যে, আল্লাহ ছাড়া অনোর উদ্দেশ্যে যবেহ করা শির্ক, যেমন তিনি ছাড়া অন্যের উদ্দেশ্যে নামায় পড়া শির্ক।

তিনি আরো বলেন ﴿إِنَا أَعْطِينَاكُ الْكُوثُرِ ، فصل لُوبِكُ وَانْحِرُ ﴾

উক্ত সুরা শরীফে আল্লাহ সুবহানাহ তার নবীকে আদেশ করেন যে, তিনি যেন তাঁর উদ্দেশ্যে নামায় পড়েন এবং তাঁরই উদ্দেশ্যে কুরবানী ও যবেহ করেন। আর এতে তিনি সেই মশরিকদের বিপরীত ও বিরোধ করেন যারা আব্লাহ ছাড়া অন্যের উদ্দেশ্যে সিজদা ও

20

য়াবছ করত। তিনি অনাত্র বলেন ﴿وقضى ربك ألا تعبدوا إلا إياه

অর্থাৎ- আর তোমার্থ প্রতিপালক এই ফায়সালা ও আদেশ করেছেন যে তোমরা কেবল

তাঁরই ইবাদত কর---।(সুরা বানী ইসরাঈল ২৩আয়াত) ﴿ وما أمروا إلا ليعبدوا الله مخلصين له الدين حنفاء ﴾

অর্থাৎ- তারা তো কেবল আল্লাহরই আনুগত্যে বিশুদ্ধচিত্তে হয়ে একনিষ্ঠভাবে তাঁরই ইবাদত করতে আদিষ্ট হয়েছিল। (সুরা বাইয়িনাহ ৫ আয়াত)

আল এই অর্থে আরো বহু আয়াত রয়েছে। পরম্ভ 'যবেহ করা' একটি ইবাদত। যা

বিশৃদ্ধচিত্তে একমাত্র আল্লাহর উদ্দেশ্যেই নির্বেদিত। সহীহ মুসলিমে আমীরুল মুমিনীন আলী বিন আবী তালেব রাঃ হতে বর্ণিত, আল্লাহর

রসল সারাব্রাহু আলাইহি অসারাম বলেছেন, ''আরাহ সেই ব্যক্তিকে অভিশাপ করেন, যে বাক্তি আল্লাহ ছাড়া অনোর উদ্দেশ্যে যবেহ করে।(প্রকাশ যে মেহমানকে খাওয়ানোর জন্য

কিছ যবেহ করা এর পর্যায়ভুক্ত নয়।) পক্ষামনে বক্তার 'আমি আল্লাহর নিকট তার আওলিয়ার অসীলায় বা তাঁর আওলিয়ার মর্যাদার অসীলায় অথবা নবীর অসীলায় বা নবীর মর্যাদার অসীলায় প্রার্থনা করছি' বলা শিক নয়। বরং অধিকাংশ উলামাগণের নিকট তা বিদআত এবং শিকের অসীলা। কেননা

দুআ বা আল্লাহর নিকট প্রার্থনা হল এক প্রকার ইবাদত; যার পদ্ধতি দলীল-সাপেক্ষ। অথচ আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি অসাল্লাম হতে এমন কোন দলীল প্রমাণিত নেই যা আরাহর সষ্টির মধ্যে কাত্রো ব্যক্তিত বা মর্যাদার অসীলায় দুআ করার বৈধতার প্রতি

ইঙ্গিত করে। সতরাং আল্লাহ যা বিধিবদ্ধ করেননি সেই অসীলা নবরূপে উদ্ভাবন করে (তার মাধ্যমে) দুআ করা মুসলিমের জন্য জায়েষ নয়। তিনি বলেন, م لهم شركاء شرعوا لهم من الدين ما لم يأذن به الله

অর্থাৎ- তাদের কি এমন কতকগুলো অংশীদার (উপাস্য আছে যারা তাদেরকে এমন

দ্বীনের বিধান দিয়েছে যার অনুমতি আরাহ দেন নি! (সূরা শুরা ২ ১ আয়াত) আরু নবী সারারাছ আলাইছি অসন্তাম বলেন "যে বাহ্নি আয়াদের এ

আর নবী সারারাহ আলাইহি অসারাম খলেন, "যে ব্যক্তি আমাদের এ (দ্বীন) বিষয়ে নত্ন কিছু উন্নালন করে যা তার অন্তর্ভুক্ত নয় তবে তা প্রতামাণ্ডাত।" (খুবারীৰ মুগলিয়) মুসলিয়ের এক খননার আছে যা বুবারী নিনা সনদে প্রতারের সাথে তার সহীহ গ্রন্থে বর্ণনা করেছেন, "যে ব্যক্তি এমন কোন কর্ম করে যার প্রতি আমাদের কেনেন নির্দেশ দেই

বানা পতাবেন, বে খালে অনন ভোল কম করে বার প্রাপ্ত আমাসের কোন নিম্পূদা দেৱ তা প্রত্যাখাত।" আর 'প্রত্যাখাত' মানে তা ঐ বাক্তির নিকট খেকে গ্রহণ করা ও মেনে নেওয়া হবে না। অতএব প্রত্যেক মুসলিমের জনা ওয়াজেব হল, আল্লাহ যা বিধিবছ করেছেন নিমমনিষ্ঠ

হয়ে কেনৰ তাবই অনুসৰণ কৰা এবং তাহুকোৰ নত উদ্ধাৰিত বিদ্যালাতসমূহ হতে
সাংখন ও দূৰে থকা। পৰঞ্জ বিদ্যান অসীনাত হাত্ৰেছ দৰীয়েতে ধাৰা অসীনাছ দুআ কৰা
মাধ্য । বাব তা হল আৱাহাৰ নাম ও গুণাবাৰীয় অসীনা তাৰ একত্বভাৱনে অসীনা, কৰা
আমানের অসীনা, আৱাহে ও তাঁৰ বসুনোর প্রতি ইমানের অসীনা, আৱাহে ও তদীয়
মাধ্যকের অসীনা, আৱাহে ও তাঁৰ বসুনোর প্রতি ইমানের অসীনা, আৱাহে ও তদীয়
মাধ্যকের অসীনা, আৱাহে ও তাঁৰ বসুনোর প্রতি ইমানের অসীনা, আৱাহ ও তদীয়
মাধ্যকের অসীনা।
পারিবাদে আমানা আৱাহার নিকটা ওতাঁক চাই চিন্নিটি ওক্তিভাৱতা।

স্বিশ্বদ্যে আমানা আৱাহার নিকটা ওতাঁক চাই চিন্নিটি ওক্তিভাৱতা।

(কিতাবুদ্দা'ওয়াহ ১৬)

জায়েয ও নাজায়েয ঝাড়-ফঁক

প্রপ্তরে- আমানের দেশে কিছু লোক আছেন বারা (পীর, হরতু, যৌলানা বা ওপ্তার্লী) নামে পরিচিত তাঁবা কোন বাকি রোগ-গাঁচিত বা লগড়ান্ত অধবা জিন-আন্তান্ত ইত্যাদি হলে তাবীয়ে আদি লিখে চিকিৎসা করে থাকে। সুতরাং এ ধরনের মানুখানের বাছে যে চিকিৎসা করায়ে এবং তালের এ চিকিৎসা সম্বন্ধে পরীয়েতের মির্ফো কিছ

তোপনা পৰাৰ আৰু তোপের বা চাক্তরণা সম্বন্ধ শরায়েকের নিদেশ নি হ'

তি স্তরতে মাদু-গ্রন্থ অধবা অন্যাহকার রোগীকে আড়-ফুঁক করা কোন দোষনীয় কাম্ব নয় যদি আড়-ফুঁকের মন্ত্র কুকুমান বা বিষয়ে দুআ থেকে হয়। কোননা, হাদীস দারীফে প্রমাণিত যে, নবী সারারাহ আলাইহি অসারাম সাহাবাপাত্তে আড়-ফুঁক করতেন। ডিনি

য়ে সব দুআ ইত্যাদি দ্বারা থাড়-কুক করতেন তার একটি দুআ নিম্মরূপ ঃ-দেয় । ফ্রি থিতে ক্র । দিননাঃ ক্রমন্ত প্রথট , দৈটে ক্র । দিননাঃ দেশি কর্ম টিন ক্রমট ক্র । দিননাঃ

ربنا «قد الذي في السماء تقدس احملت امرك في السماء والارض، خما رحمتك في السماء فاجعل وحملك في الأرض، أنول رحمة من رحمتك واشف من شفائك على هذا الوجع فيعراً، আৰ্থাৎ- হে আমানের প্রতিপালক আব্লাহ। যিনি আসমানে আছেন। তোমার নাম জতি পৰিত্র। তোমার কর্তৃত্ব, আসমানে ও পৃথিবীতে। তোমার বহুমত যেমন আসমানে আছে তেমনি পৃথিবীতেও তোমার বহুমত বিতরণ কর। তোমার বহুমত ত্বতে একটি রহুমত বর্ধণ কর এবং তোমার আরোগাদান হতে এই বাধার উপর আরোগা দাও মাতে তা ভালো হতে যা।

আরোগ্য দাও, যাতে তা ভালো হয়ে যায়। বিধেয় ঝাড়-ফুঁকের দুআসমূহের একটি নিম্নরপঃ-

- الهي أرقبك، مِنْ كُل شَيْءٍ لِمُؤْفِئك، مِنْ شَر كُل نَفْسٍ أَوْ عَنْنِ حَاسِدٍ، اَ لَهُ شَمِّ اللهِ أَرقبِك، مِنْ كُل شَيْءٍ لِمُؤْفِئك، مِنْ شَر كُل نَفْسٍ أَوْ عَنْنِ حَاسِدٍ، اَ لَهُ يَشْفِيكُ، سِنَمِ اللهِ أَرْقِبَكَ.

উচ্চারণাঃ- বিসমিরা-হি আরব্বীক, মিন কুরি শাইয়িন ইউ'যীক, অমিন শার্মি কুরি নাকসিন আউ আইনি হা-সিদ, আরা-হ যাাশকীক, বিসমিরা-হি আরব্বীক।

আছে এনি গোমাকে আল্লাহর নাম নিয়ে প্রত্যেক কন্ট্রদায়ক বন্ধ থেকে এবং প্রত্যেক আত্রা অথবা বদনজরের অনিষ্ট থেকে মুক্তি পেতে ঝাড়ছি। আল্লাহ তোমাকে আরোগ্য দান করন। আল্লাহর নাম নিয়ে তোমাকে ঝাড়ছি। (মুসলিম,

তিরমিমী) বিধেয় ঝাড়-ফুঁকের আল্লো একটি এই যে, বেদনাহত ব্যক্তি তার বেদনা স্থূলে হাত রেখে (৩ বার 'বিসমিল্লাহ' বলে ৭বার) নিমে র দুআ পাঠ করবেঃ-

অপ- আমি আলাহর মর্যাদা ও কুলরতের অসীলায় সেই জিনিসের অনিষ্ট হতে আশ্রয় চান্ধি যা আমি পান্ধি ও ভর কবি। (মুসলিম ২২০২ নং, আবু দাউদ ৪/১১)

আপ্রয় চান্ধি যা আমি পান্ধি ও ওয় কবাও। (মুসালম ২২০২ নং, আবু দাওদ ৪/১১) এছাড়া আরো অন্যান: ুকা সাঙ্গের যা উলামাগণ রসূল সারারাহে আলাইথি অসারাম হতে বর্ণিত ক্রাদীয়ব্যক ক্রেকে উল্লেখ করেছেন।

অন্যান্ত্ৰাৰ ব্যৱসাৰ কৰিব নিজৰ কৰিব নামত্ৰের বা গলায়) লটকানোর বৈধতা ও অবৈধতার বাপারে উলয়ই প্রস্তুত্ব ক্রিক ক্রেডের বা গলায়) লটকানোর বৈধতা ও অবৈধতার বাপারে উলয়ই প্রস্তুত্ব ক্রিক ও বলিষ্ঠ মতে তা অবৈধ ও না জামে। কারণ, এরপ চিকিৎসা-পদ্ধতি নবী সারারাহ আলাইহি অসারাম হতে বৃত্তিত হয়নি। কেবল বৃত্তিত হয়েছে আড্-ট্রুক করার কথা। পক্ষান্তরে আয়াত ব দুআ লিখে রোগীর গলায় বা হাতে লাউকানে অথবা বালিখনে নিটে রাখা ইত্যাদির কথা সঠিক রাম মতে নির্মিক। কেন না এয়ন চিকিৎসা-প্রথালী স্থানিত ইচক

ুখা দলৈ নোগাৰ গণাৰ বা হাওে গালধানে কথবা বাগানোর নিচে বাবা ইত্যালির কথা সঠিক রার মতে নির্মিষ্ঠ। তেন না এমন চিকিংস-প্রগালী হারীদ্যা উদ্লেদ হয়নি। আব যে বাজি শরীষ্ণতের অনুমোনন ছাড়া কোনও বিষয়েকে অনা এক বিষয়েক হেতু বানায় যে বাজিন এ কান্ধ এক প্রকার নিক হিসাবে পরিবানিত। কারণ, এতে সেই বন্ধকে (তারীয়া ও করতে রোগ-বালা দুব করার) হেতু বানানো

হয় খাকে আরাহে হেত্ রূপে অনুমোদন করেননি।
তাবশা এসব কিছু এ সমস্ক পীর, মৌলানা বা ওয়াবীদের কথা দৃষ্টিচ্চৃত করে হলা
হলা পরস্ক জানি না, ওঁরা হয়তো এ ফর্কারী বা টেবটিভিং সকলে মেলীজুক মারা
তাবৈথ ও হারাম (বাব) বা শব্দ, যেনন ডিবিল্ডা, শব্দতান, নকলে দুলাইমানী,
তাবোধখন্যা শব্দ প্রভৃতি) লিখে ভাবীখ বানিয়ে থাকে। এরূপ ভাবীখ লিখা ও ব্যবহার
করা হারাম হওবাতে তো কোন সন্দেহেই নেই। এ জনাই কিছু ভালামা বালুছেন,
'ঝাড-ইকে দোষ নেই। তাবে শত্ হন্দু ভা দেন অধ্যাধাক ও শিক্ষালীন হলা

(ফতোয়া শায়শ ইবনে উসাইখীন ১/ ১৩৯)

ওয ওযু হল সেই ওয়াজেব পবিত্ৰতা অৰ্জনের নাম যা ছোট অপবিত্ৰতা; যেমন প্রস্রাব, পায়খানা, বাতকর্ম, গভীর নিদ্রা এবং উট্টের মাংস খাওয়া দরুন করতে হয়।

ওযুর নিয়ম

১- প্রথমতঃ অন্তরে ওযুর নিয়ত করবে এবং মুখে তা উচ্চারণ করবে না; কারণ নবী সাল্লাল্লাহ্ আলাইহি অসাল্লাম তাঁর ওযু, তাঁর নামায এবং তাঁর আরো অন্যান্য সকল ইবাদতের নিয়ত মুখে উচ্চারণ করেন নি। আর যেহেতু আল্লাহ অন্তরের

খবর জানেন; সূতরাং সে বিষয়ে খবর দেওয়া নিষ্প্রয়োজন।

১₋ অতঃপর বিসমিল্লা-হ বলবে। ৩- অতঃপর কব্জি পর্যন্ত দুই হাত ধোবে।

৪- অতঃপর পানি দারা তিনবার কৃদ্ধি করুবে ও নাক ঝাড়বে।

৫- অতঃপর তিনবার চেহারা ধোবে; এক কান থেকে অপর কান পর্যন্ত চওড়ায় এবং কপালে চুল গজানোর স্থান থেকে দাড়ির নিচের অংশ পর্যন্ত লম্বায় পূর্ণ

মুখমওল ধৌত করবে। ৬- অতঃপর আঙ্গুল থেকে কনুই পর্যন্ত উভয় হাতকে তিনবার শ্রৌত করবে;

প্রথমে ডান হাত ও পরে বাম হাত ধোরে।

৭- অতঃপর একবার সাধা মাসাহ করবে, দুই হাত ভিজিয়ে মাধার সামনে অংশ থেকে শরু করে শেষ তাংশ পর্যন্ত ফেরাবে। তারপর পুনরায় হাত দুটিকে মাথার সামনে অংশের দিকে ফিরিয়ে আনবে।

৮. শতঃপর একবার কান মাসাহ কববে: উভয় তর্জনী আঙ্গুলকে উভয় কানের

ভিত্তের অংশে প্রনাণ করিয়ে ভিতরের দিক এবং উভয় বুড়ো আঙ্গুল দ্বারা কানের বাইদের দিক মাসাহ করবে।

১- ওপ্রেলার জিলার আছল গ্রেকে বিটি পর্যন্ত উভয় পা-কে তিন বার শৌত ক্ষরতা প্রথম জনন্দ ত স্তুর রাম পা ব্রেপ্র।

গোসল গোসল সেই ওয়াজেব পবিত্রতা অর্জনের নাম যা বড় অপবিত্রতা; যেমন সঙ্গমজনিত নাপাকী ও মহিলাদের মাসিক হেতু করতে হয়।

গোসলের নিয়ম

 প্রথমে মুখে উচ্চারণ না করে কেবল অন্তরে গোসলের নিয়ত করবে। ২- অতঃপর বিসমিল্লা-হ বলবে।

৩- অতঃপর পূর্ণ ওযু করবে। অতঃপর তিনবার মাথায় পানি ঢালবে।

অতঃপর সারা দেহ ধৌত করবে।

তায়াস্মম

তায়াস্মুম হল সেই ব্যক্তির ওযু ও গোসলের পরিবর্তে মাটি দারা ওয়াজেব পবিত্রতা অর্জনের নাম, যে ব্যক্তি পানি না পায় অথবা ব্যবহারে ক্ষতিগ্রস্ত হয়।

তায়াম্মুমের নিয়ম

১- প্রথমে ওয় বা গোসল যার পরিবর্তে তায়াম্মুম করছে তার নিয়ত করবে। ২- অতঃপর মাটি অথবা মাটি লেগে থাকা দেওয়াল ইত্যাদিতে দুই হাত মারবে।

অতঃপর তাদ্বারা চেহারা ও কন্তী পর্যন্ত দুই হাত মাসাহ করবে।

(রিসালাহ শায়খ ইবনে উসাইমীন)

পবিত্রতা অর্জনে কিছু ভুল আচরণ।

>- ওযু গোসল বা তায়াল্মুমের শুরুতে মুখের নিয়ত পড়া।

২- ওযু, গোসল বা তায়াস্মুমের শুরুতে বিসমিল্লা-হ না বলা। ৩- ও<mark>যুর প্রত্যেক অঙ্গ ধো</mark>য়ার সময় বিসমিল্লা-হ অথবা নির্দিষ্ট দত্মা পড়া।

৪- ঘুম থেকে জেগে উঠে ওযু করার সময় প্রথমে দুই হাত না ধুয়ে পানির পাত্রে হা **जुवात्ना**। ৫- পানি বেশী বেশী খরচ করা।

৯-অনেকের ধারণা এই যে, অপবিত্র না হলেও প্রত্যেক ওযুর পূর্বে শরমগাহ ধুতে হয়। ১০- কিছু লোক বিশেষ করে মোটা ব্যক্তি যখন গোসল করে তখন তার দেহের ভাঁজের ভিতর অংশে পানি পৌঁছে না। কারণ, দেহের কিছু মাংস পরস্পরের উপর চেপে থাকে যেমন বুক ও পেটের অবস্থা, পানি ঢালার সময় কেবল উপরের অংশে পৌছে অথচ তার নিচে শুব্দ থেকে যায়। ফলে গোসলও অসম্পূর্ণ হয়। ১১- কিছু লোক তাদের দেহের কিছু অংশ ওযু অথবা গোসলের সময় পানি না পৌছিয়েই ছেড়ে দেয়। যেমন আঙ্গুলের ফাঁক বিশেষ করে দু পায়ের আঙ্গুলসমূহের মধ্যবর্তী স্থল শুক্ক থেকে যায়। ওযু করার সময় দুই পায়ের উপর কেবল পানিই ঢ়েলে থাকে অথচ আঙ্গুলের ফাঁকে-ফাঁকে পানি পোঁছে না। অনুরূপ অনেকের

১২- অনেক লোকের হাতে ঘড়ি অথবা আঙ্গুলে আংটি থাকে ফলে ওযুর সময়

১৩- কিছু লোকের হাতে এক প্রকার পেন্ট লেগে থাকে যাদ্বারা দেওয়াল রঙানো হয়। এই প্রকার রঙ হাতে লেগে থাকলে চামড়ায় পানি পৌঁছে না ফলে ওযু

১৪- অনেক মহিলা তাদের নখে নখপালিশ ব্যবহার করে; যার মধ্যে গাঢ়তা আছে। এতে নখে পানি পৌছতে সম্পূৰ্ণ বাধা দেয়, ফলে ওয় হয় না। ১৫- ওয়ৰ শেষে আকাশের দিকে মাধা তুলে দুআ অথবা 'ইন্না আনযালনা' পড়া। ১৬- নামায় না গাকা সম্ভেও ওযুর উপর ওযু করা।

১৭ - কিছু লোক আছে যারা স্ত্রীসঙ্গম করে এবং বীর্যপাত না হলে নিজে গোসল

৬- পূর্ণরূপে ওযু না করা।

৭- কনুই অবধি পুরো হাত না ধোয়া। ৮- গর্দান মাসাহ করা। (এটি বিদআত)

গোড়ালিও শৃষ্ক থেকে যায়।

অসম্পূর্ণ থেকে যায়।

তার নিচের অংশ শৃক্ষ থেকে যায়।



করে জামাআতে নামায পড়ে, অথচ ওয়খানায় পানি মঙ্গ থাকে। (মুখালাফাত শিবু!হারাতি অসমলা- **হ থেকে গৃহীত।**

জরুরী। ২৩- কিছু লোক আছে যাদের ওয় ভেঙ্গে গেলে মুসাল্লার নিচে হাত মেরে তায়াস্মম

২২- কিছু মহিলা আছে যারা মাসিক থেকে পবিত্র হওয়ার পর শেষ সময় পর্যন্ত গোসল পিছিয়ে দেয়। যা মহা ভুল। মাসিক বন্ধ হওয়ার সাধে-সাথেই গোসল করা

২ ১- যমযমের পানি দ্বারা ওযু না করা এবং এ পানিতে ওযু করতে দ্বিধাবোধ করা, আর এর পরিবর্তে তায়াস্মম করা।

১৯- কিছু লোকের বিশ্বাস যে, ওযুর প্রত্যেক অঙ্গ তিন তিনবার না ধুলে ওযুই হয় না। ২০- ওযুর সকল বা কিছু অঙ্গ তিনের অধিকবার ধৌত করা।

করে না এবং স্ত্রীকেও গোসল করতে আদেশ দেয় না। যা মহা ভুল। ১৮- ফরয গোসলের পর কাপড় পরার পূর্বে কিছু লোকের হাত নিজ্ঞ লজ্জাস্থানে পড়ে; অথচ তা কিছু মনেই করে না। আর সেই ওযু-গোসলেই নামায পড়ে থাকে!

নামায,তার মর্যাদা ও গুরুত্ব

নামাযঃ- ইসলামের স্তম্ভ সমূহের দ্বিতীয় স্তম্ভ। দুই সাক্ষ্য (কলেমা)র পর এটি

ইসলানের অধিক তারীসপ্রাপ্ত স্তব্যন্ত। নবী সারারাহে আলাইহি অসারাম বালন, তোমানের কেই যধন নামান পরে তথন সে তার প্রভূম মহিত লোগনে বাকালেক করের (বুলাই ৫০ সন) হালীসে কুলাইতে আরাহ তামানা বাকালক করের (বুলাই ৫০ সন) হালীসে কুলাইতে আরাহ তামানা বাকাল আর কালে তার বালন বাকাল করেন। সামানর সামানর করেন। সামানর সামান

ত্ৰক অস্তাত থকন, 'এটা আমাৰ ও আমাৰ বান্দাৰ মাধ্যে, এবং আমাৰ বান্দাৰ জন্ম তাইন চান্দানক বাবে। বান্দানক বান্ধানকৰে সকল পৰ, তিন্দান কৰে, তাবেল ৰাণ্যাব্যবহাৰ তুলি বুলুক্ত বাবেছ, তাবেল ৰাণ্যাব্যবহাৰ আমাৰ তাবেল কথা না আৰা ক্ৰেপ্তভাৱন এবং তাবেল ৰাণ্যাব্যবহাৰ তুলি বুলুক্ত বাবেছ, তাবেল আমাৰ তাবিলাল কাবল, 'এটা আমাৰ বান্দানৰ জনা এবং আমাৰ বান্দানক জনা তাইন আমাৰ বান্ধানক বান্ধানিক বান্

করে।(মসনিম ৩৯৫নং)

নামাযঃ- বহু ইবাদতের বাগিচা। যাতে রয়েছে সর্ব প্রকার নয়নাভিরাম উ পুষ্পরাশি। যাতে রয়েছে তকবীর; যার দারা নামায আরম্ভ করা হয়।রয়েছে

কিয়াম;যাতে নামাযী আৱাহর কালাম পাঠ করে থাকে। রুকু; যাতে প্রভুকে তাষীম জানান হয়।কওমা;যাতে আল্লাহর প্রশংসা পূর্ণ করা হয়। সিজদা ;যাতে আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা করা হয় এবং অনুনয়-বিনয়ের সাথে দুআ করা হয়। বৈঠক যাতে তাশাহহুদ ও দুআ করা হয়।এবং সালামের সহিত যার সমাপ্তি হয়।

নামাযঃ- গুরুত্বপূর্ণ বিষয়ে ও বিপদে সাহাযা,নোংরা ও অস্পীল কর্মে প্রতিবন্ধক।আল্লাহ তাআলা বলেন,

﴿وَاسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلْوَقِ﴾ অর্থাৎ-তোমরা ধৈর্য ও নামায়ের মাধ্যমে সাহাত্য প্রার্থনা কর। (সূরা বাকারাহ ৪৫ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ أَتُلُ مَا أُوحِيَ إِلَيْكَ مِنْ الكِتَابِ وَأَوْمِ الصَّلُوةُ ، إِنَّ الصَّلَوْةُ تُنْهَى عَنِ الفَحْشَاء وَالْمُنْكَرِ﴾ অর্থাৎ-তমি তোমার প্রতি প্রত্যাদিষ্ট গ্রন্থ আবৃত্তি কর এবং যথাযথভাবে নামায পড। নিশ্চয় নামায অশ্লীল ও মন্দ কান্দ্র থেকে বিরত রাখে।" (সুরা

আনকাবত ৪৫) নামার্যঃ- মুমিনদের হৃদয়ের এবং কিয়ামতের জ্যোতি। নবী সাল্লালান্ত আলাইহি অসাল্লাম বলেন,"নামায জ্যোতি।"(মুসলিম ২২৩নং) তিনি আরো বলেন,"য়ে বাক্তি নামায়ের হিফাযত করে তার জনা তা কিয়ামতের জ্যোতি,দলীল,ও

পরিত্রাণের কারণ হবে।"(আহ্মদ ২/১৬৯,ইবনে হিন্সান ১৪৬৫নং ও তাবারানী,মূনযেরী বলেন, হাদীসটির সনদ উভয়।মিশকাত ৫৭৮নং) নামাযঃ- মুমিনদের অন্তরের প্রফল্লতা ও চক্ষর শীতলতা। নবী সাল্লালান্ত

আলাইহি অসাল্লাম বলেন, "নামায়ে আমার চক্ষু-শীতলতা করা হয়েছে।"(আহমদ

ত/১২৮, ১৯৯, ২৮৫পুঃ, নাসাঈ ৭/৬১পুঃ, আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।)

বাল্লেনে।) নাগাখঃ- পাপ যোচন করে,গোনাহ ক্ষালন করে। নবী সান্নারাহ আলাইহি অসান্নাম বলেন, ''কি মনে কর তোমরা ? যদি তোমাদের কারো সরবার সন্নিকটো একটি নদী খাকে খাতে সে প্রতাহ পাঁচবার গোসল করে, তাহলে তার (দেহে) কি বেদান মফলা খাকে খাতে সে প্রতাহ পাঁচবার গোসল করে, তাহলে তার (দেহে) কি বেদান মফলা

অবশিষ্ট গাক্তে?" সকলে বলল, 'তার কোন মহালা অবশিষ্ট থাকরেনা।' তিনি কললেন, অনুভূপতি গাঁচ ওয়াক নামায়ের উপমা। এর দ্বারা আলাহ পাপরাশিকে মূল্ছ ফেলেন।" (বুপারী ৫২৮নং মূললিম ৬৬৭) নিনা লান্তো গ্রেলন। "পাঁচ ওয়াক নামায় এবং কুমআহ থেকে কুমআহ পর্যন্ত

িন্দ্ৰী কারো বলেন, "পাচ ওয়ান্ত নামাথ এবং কুমআহ থেকে কুমআহ পর্যন্ত জন্তবর্তী-কালীন ঘটিত পাপের প্রায়ণ্টিন্ত,যতক্ষণ কবীরা পোনাহ (মহাপাপ) না করা হয়।" (মুসলিম ২০৩নং) "জাসমাত্রের নামায় একালীয় নামায় অপেন্ধা সাতাশ গুণ উত্তম।" হাদীসাটিকে

সংগ্ৰহণ নিয়ম কৰি সামানাছ আনাহাঁই অসমান হাত বৰ্ণিত ক্ষেছেন।(বুৰামী ৪৪০৭, মূৰ্যালয় ৬৫০৪২) ইয়ান মানটান (মা) খালেন, ''য়ে বাজি কলা আনাহান মন্ত্ৰীত মূৰ্যালয় ৬৫০৪২) ইয়ান মানটান (মা) খালেন, ''য়ে বাজি কলা আনাহান মন্ত্ৰীত মূৰ্যালয় কৰা আনাহান কৰা আনাহান কৰা আনাহান কৰা কৰা আনাহান কৰা কৰা কৰা আনাহান কৰা কৰা কৰা আনাহান কৰা আনাহান কৰা কৰা আনাহান কৰা আনাহা

হলেগতাৰ নগীৰ জন্ম গছ ফেনায়ান্তেৰ পথ এজাপৰি নিবক কৰেছেন এবং ঐ জ্ঞান জন্মপুৰ্বিক প্ৰকৃতি নিবিক কৰেছেন এবং কৰিছেন জন্ম এই পশ্চাপালী জাৱ সুগত্তে নামাৰ পতে থাকে জ্ঞান কৰিছেন কৰিছেন কৰিছেন কৰা কৰেছেনা আৰু যদি আনাৰ ও জৰীকা বৰ্জন কৰে কৰেছেন ভাষাৰ আৰু কৰাহেৰ পৰিক্ৰতা অৰ্জন(উন্ত) হত্ত এই মাৰ্কিল সমূহেৰ

(হেতে) গ্ৰকৃত হয়, নাজাহ তান প্ৰত্যেক পদক্ষেপক ৩০ নাজী লিপিবছ করেন, এব দাবা তাকে এক মৰ্যাদায় উনীত এ পা এজাই পিশ হ্ৰাণ কামে। আমায়া দেশছিছে, বিশিত লাভা নামায় কেনে কেন্দ্ৰ পানাক্তি ভাকত না। এবং মানুষকে দুটি লোকের কাঁধে ভর করে হাঁটিয়ে এনে কাডারে খাড়া ক হডা(মুসলিম ৬৫ ৪নং) নামাথে বিনতিঃ অন্তরকে উপস্থিত রেখে নামাথের হিফাযত ও সুযত্ম করা। য

নামানে বিনতিঃ অন্তর্কে উপস্থিত রেখে নামানের হিফাযত ও সুযত্ন করা। যা জানাতে প্রবেশাধিকার পাওয়ার এক হেতু। আরাহ তাআ-লা বলেন, টা. মানে মাহন্যতে, মান্ত ক, ব্য আন্তর্কার বলেকে, বামিন্ত ক, ব্য মান্ত্রকার কিবলতে, বিনিয়াক ক

للزكاة فاعلون، والذين هم لتروجهم حافظون، إلا على أزواجهم أو ما ملكت أكانهم فإنهم يو ملومين، فعن ابتخى وراء ذلك فأولتك هم العادون، والذين هم لأماناتهم ومهدهم راعون، والأربية المراجعة التي مسئلة بن أساماء هم الرائدة، فإلى التراث الدين الدينة الدينة الدينة المدود

দাদিশপের ক্ষেত্রে অনাথা করলে তারা তিরস্কৃত নয়, এবং যারা এদের ছাড়া অনাকে কামনা করে তারা সীমানখনেকারী। আব যারা আমানত ও প্রতিপ্রতি কাফা করে,এবং যারা নিজেদের নামাথে স্বত্তবান-তারাই হবে অধিকারী, ফিরদাউসের অধিকারী, যাতে ওরা চিরস্থায়ী থাকবে।"(সূরা মু'মিন্নঃ ১-১১ আয়াত)

নিজেদের যৌনাঙ্গকে সংযত রাখে, তবে নিজেদের পত্নী অথবা অধিকারভক্ত

বিশুছৰ ও একটাটিতে একমাত্ৰ সামাহক সম্পন্তি-বিধানেও উদ্দেশনা নামায় আদায়ে কৰা তা াৃবায়(সহীহ চালীটো) বৰ্গতি নিয়ম-সছতিৰ অনুনৰতী হবোনাৰ্থই দুটিই হল নামায় কৰুক হওয়াত টোলিক লাতান্ত্ৰী সামান্ত্ৰাম্বা আনাইছি আ সামায় বলেন, "সকল আমল (কম) তো নিয়ত বাবাই লুদ্ধ হয় এবং মানুবের জন্য তাই প্রাপা যাব সে নিয়ব্যে উদ্দেশ্য ও সংক্রমণ) করে থাকে।(কুমারী ১নংও মুসলিম ১৯৩৭নং)

তিনি আরো বলেন, "তোমরা ঠিক তেমন ভাবে নামায় পড় যেমন ভাবে আমাকে পড়তে দেখেছং" (বলখি ৮০ চনত

লিখেছেন-মুহাম্মদ বিন সালেহ আল-উসাইমীন

১৩/৪/১৪০৬ বি

 নবী সাল্লাল্লাহ্ আলাইহি অসাল্লামের নামায পড়ার পদ্ধতি
 (ইমাম ইবনুল কাইছেমের 'যা-দুল মাআ-দ' এবং শায়ণ ইবনে বাবের দিকাতু সালা-তিন নাবী সাল্লাল্লাহ আলাইহি অসাল্লাম'খেকে সংগৃহীত।)

नामायुक् निर्मिष्ठ कृतुत्व यपि निर्मिष्ठ नामाय হয়।नवी সাল্লালাছ আলাইহি অসালাম

১- নিয়তঃ-নামাথের সময় আল্লাহর ইবাদত করার নিয়ত(সংকম্প) করবে এবং অস্তরে

অথবা কোন সাহাবী কর্তৃক এ কথার উল্লেখ নেই যে তাঁরা কেউ নিয়ত মুখে উচ্চারণ

করেছেন কিংবা 'নাওয়াইতু আন উসাল্লিয়া......' বলেছেন।

২- তাহরীমার তাকবীরঃ-নবী সাল্লাল্লাহু আলাইহি অ সাল্লাম যখন নামায পড়তে দণ্ডায়মান হতেন তখন কেবলা (কা'বা শরীফ)কৈ সামনে করতেন এবং 'আল্লা-ছু আকবার'

বলতেন।হাত দুটিকে-তার আবুলগুলোকে প্রলম্বিত রেখে কেবলার সম্মুখ করে কানের লভি অথবা কাধ বরাবর তুলতেন।অতঃপর ভান হাতটি বাম হাতের উপর রেখে বকের উপর রাখতেন(বাধতেন)।

বুকের ডপর রাখতেন(বাধতেন)। ৩-অতঃপর ইন্তিফতাহর দুআ পাঠ করতেন,

اللَّهُمُّ بَاهِدُ بِيْنِي وَيَشَنَ حَطَايَايَ كُمَّا بَاهَدُت بَيْنَ النَّشْرِقِ وَالنَّهْرِبِ، اللَّهُمُّ نَقَيْنُ مِنَ الخَطَايَا كُمَّا يُتَقَّى اللَّوْبُ الأَيْسَمُ مِنَ المُنْسَرِ، اللَّهُمُّ الْهَبِلُ

"আল্ল-ছম্মা বা-ইদ বহিনী অ বহিনা খাতা-য়াা-য়াা কামা বা–আল্লা বাইনাল

আন্ত্র-ছ'না বাংশুন বাংশা বাব্যালয়। কানা নান্ত্রিকী মিনাল খাড়া-য়া, কামা য়ুনাকুক্স সাউবুল আবয়ায়ু মিনাদ্ দানাস। আন্না-ছম্মাণসিল খাড়া-ইয়া-য়া বিল মা-ই অসসালভি অল-বারাদ।"

অর্থ ঃ- হে আল্লাহ! আমার ও আমার গোনাহ সমূহের মাঝে এতটা তফাৎ করে

দাও যেমন তুমি পূর্ব ও পশ্চিমের মাঝে তফাৎ করেছ। আরাহ গো। আমাকে

গোনাহ থেকে ঐ ভাবে পরিকার কর যে ভাবে সাদা কাপড ময়লা থেকে পরিকার

অ লা ইলা-হা গাইরুক।"

প্রমাণিত।সরা ফাতিহা নিম্নরপঃ-

করে দাও। (বুখারী ৭ ৪৪নং মুসলিম ৫৯৮নং)

করা হয়। হে আল্লাহ। আমার গোনাহ সমূহকে পানি,বরফ ও করকা দারা শৌত কখনো কখনো নিম্মের দুআ পাঠ করে নামায শুরু করতেন,

৮০ ৪নং আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।) ৪ - অতঃপর (ইস্তিফতাহর পর)বলতেন

" আউয় বিল্লা-হি মিনাশ শাইতা-নির রাজীম।"

سُبْحَانَكَ اللَّهُمُّ وَبِحَمَّدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَىٰ حَدُّكَ وَلاَ اللَّهُ غَيْرُكَ "সুবহা-নাকাল্লা-হুম্মা অ বিহামদিকা অ তাবা-রাকাসমূকা অ তাআ-লা জাদ্দুক

অর্থ ঃ- হে আল্লাহ। তোমার সপ্রশংস পবিত্রতা ঘোষণা করছি তোমার নাম বর্কতময়, তোমার মহিমা অতি উচ্চ এবং তুমি ছাড়া কেউ সত্য উপাস্য নেই।(আহমদ ৩/৫০ পুঃ,তিরমিয়ী ২৪২নং, আবুদাউদ৭৭৫নংও ইবনে মাজাহ

أَعُولُهُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرُّحِيْمِ .

অর্থ ঃ- আমি আল্লাহর নিকট বিতাডিত শয়তান থকে আশ্রয় প্রার্থনা করছি। কর্তাপর সরা ফাতিতা পাঠ করতেন। কখনো কখনো بسداقة الرحمن الرحيم 'বিসমিল্লা-হির রাহমা-নির রাহীম' (ভেহরী নামাযে) সশব্দে পড়তেন। তবে সশব্দ অপেক্ষা নিঃশব্দেই অধিকাংশ পড়তেন। আর নিঃশব্দে পড়াই তাঁর নিকট থেকে

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِيْنَ، اَلرَّحْمْنِ الرَّحِيْمِ، لَملِك يَوْمِ الدُّفِينِ، إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ سَّتِينَ، إهْدِنَا الصُّرَاطَ الْمُسْتَقِيْمَ، صِرَاطَ الَّذِيْنَ ٱلْمَمْتَ عَلَيْهِمْ، غَيْرِ الْمَغْضُوب

عَلَيْهِمْ وَلِاَالضَّالِّينَ অতঃপর সুরা ফাতিহা পাঠ করা শেষ করলে 'আ-মীন' (কবুল কর) বলতেন।

ক্সিরাআত সশব্দে করলে উচ্চস্বরে (আ-মীন)বলতেন, এবং তার পশ্চাতে

মুকতাদীরাও অনুরূপ বলতেন। তার ক্বিরাআত ছিল টানা-টানা। প্রত্যেক আয়াত শেষে থেমে যেতেন এবং

তাতে আওয়াজ লম্বা করতেন।(বখারী ৫০৪৫নং) উম্মে সালামাহ (রাঃ)হতে বর্ণিত,তিনি বলেন,রসূলুরাহ সারারাহু আলাইহি অ সাল্লামের ক্রিরাআত ছিল,"বিসমিল্লা-হির রাহমা-নির রাহীম।আলহামদু লিল্লা-হি রান্সিল আ-লামীন।আর্রাহমা-নির রাহীম।মা-লিকি য্যাউমিন্দীন।"(আহমাদ

৬/৩০২পৃঃ,আবু দাউদ ৪/৪০০১পৃঃ ও তিরমিয়ী ২/১৫২পৃঃ ,আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।)

(অর্থাৎ প্রত্যেক আয়াত শেষে ধামতেন)।

৬- অতঃপর সূরা ফাতিহা পড়া শেষ করে (একট্র) চুপ ধাকতেন।(আহমাদ ৫/৭,১৫,২০,২১,২৩ আবু দাউদ ৭৭৯নং তিরমিয়ী ২৫১নং,আলবানী হাদীসটিকে যয়ীফ বলেছেন।)

৭- সুরা ফাতিহার পর অন্য একটি সুরা পাঠ করতেন।এই দ্বিতীয় সূরাটি ফল্পরে লম্বা পড়তেন,অবশ্য কখনো কখনো সফর ইত্যাদির কারণে হান্তা করেও পড়তেন।মাগরেবে অধিকাংশ ছোট সুরা পাঠ করতেন এবং অবশিষ্ট নামাযে

মাঝামাঝি সরা পড়তেন।

৮ - সূরা পাঠ শেষ করে রুকু করার পূর্বে একটু চুপ থাকতেন,যাতে স্বস্তির নিঃশ্বাস ফিরে আসে। (তিরমিয়ী ২৫ ১নং, আলবানী হাদীসটিকে যয়ীফ বলেছেন।) করতেন। হাতের মৃঠি দৃটিকে দুই হাঁটুর উপর রেখে ধারণ করতেন। আঙ্গুলগুলিকে ষ্টাক ষ্টাক করে রাখতেন,হাত(বাহু) দুটিকে পাজর থেকে দূরে রাখতেন।পিঠকে সটান ও সোজা বিছিয়ে দিতেন। মাথাকে ঠিক পিঠ বরাবর সোজা রাখতেন,যা পিঠ থেকে না উঁচু হত না নিচু।রুকুতে পাঠ করতেন, سُبْحَانَ رَبِّيَ الْعَظِيْم

"সুবহা-না রাব্ধিয়াল আযীম"(তিনবার) অর্থ ঃ- আমি আমার মহান প্রতিপালকের পবিত্রতা বর্ণনা করছি।(মুসলিম ৭৭২নং)

কখনো বা এর সাথে পড়তেন

سُبْحَانَكَ اللَّهُمُّ رَبُّنَا وَبِحَمْدِكَ، ٱللَّهُمُّ اغْفِرْلِي

"সুবহা- নাকাল্লা-হুম্মা রাজানা অ বিহামদিকাল্লা-হুম্মাগফিরলী।"

অর্থ ঃ- হে আল্লাহ! তোমার সপ্রশংস পবিত্রতা ঘোষণা করছি হে আমাদের প্রভ্ আল্লাহ গো! তুমি আমাকে মাফ করে দাও।(বুখারী ৭৯৪নং,মুসলিম ৪৮৪নং)

৯ - অতঃপর

مَعِعَ اللَّهُ لِمَنْ حَعِدَهُ 'সামিআল্লা-হু লিমান হামিদাহ' (অর্থাৎ যে আল্লাহর প্রশংসা করে তার

প্রশংসা তিনি শ্রবণ করেন।)বলে দুই হাত(পূর্বের ন্যায়) তুলে রুকু থেকে মাথা তলতেন। তারপর যখন সম্পূর্ণ ভাবে খাড়া হয়ে যেতেন তখন বলতেন,

رَبُّنَا وَلَكَ الْحَمْدُ،

'রাঝানা অ লাকাল হামদ্।'(অর্থাৎ হে আমাদের প্রভূ! সমস্ত প্রশংসা তোমারই নিমিত্ত।) আর এটাও শুদ্ধভাবে প্রমাণিত যে, তিনি এই স্থানে বলতেন,

سَنعَ اللهُ لَمَنْ حَبِيدَ، اللَّهُمُ رَبًّا وَلَكَ فَمَندُا مِلَّهُ السَّمُواتِ وَمِلْهُ الرَّمِي وَمِلْهُ مَ شَهُو اللهُ لَمَنْ اللَّهُ وَلَنسَتُهِ السَّمُّ مَا فَلَ فَيْهَدُ وَكُلُّ لَكَ شِقْدُ الا تَعَيِّمُ لِمَا أَسُؤْفَ، وَلاَ مُنْهُمُ اللَّهُ لِلْنَا اللَّهِ وَلَنسَتُهِ لِمَا تَشَعَى وَلاَ يُشَكِّمُ وَلَا لَمُنتُمْ عَلَى لَمُنتَا لِم

"সামি আল্লা-ছ লিমান হামিদাহ। আল্লাহম্মা রাজ্ঞানা অ লাকাল হামদু মিলআস সামা-ওয়া-তি অ মিলআল আর্বি অ মিলআ মা শি'তা মিন শাইয়িন বা'দ,

আহলোস সানা-ই অল মাজদ, আহাকুছু মা বু!-লান আবৃদ, অ কুদুনা লাক আবৃদ্,। লা মা-নিআ লিমা আ'জুইতা অলা মু'ত্বিয়া লিমা মানা'তা অলা যানকোউ যালজাদি মিনকাল জাদ্।"

অধ্য : হে আমাদের প্রস্থা তোমাবাই নিমিত্রে আকাশমতেলী ও পৃথিবীপূর্ব এবং এবং তেও তুমি যা চাও তা পূর্ব মারবার প্রশংসা। হে প্রশংসা ও গৌরারের অধিকারী। বাপার সংক্রাহে সতা কথা, এবং আমার প্রস্তান্তেই তোমার বর্ণান, 'তুমি যা প্রদান কর তা রোধ করা এবং যা রোধ কর তা প্রদান করার সাধা কারে। বেই।এবং ধনবানের দেশ্যোমার আমাব থেকে মুক্তি প্রস্তাত কো উপকরে আমাবন না (স্ক্রেনি এবং ধনবানের ধন(তোমার আমাব থেকে মুক্তি প্রস্তাত) কোন উপকরে আমাবন না (স্ক্রেনিক এবং ধনবানের ধন(তোমার

১০- অত্যুপর তরবীর বলে সিজদায় পতিত হতেন এবং এ সময় আর হাত তুলতেন না।(বুখারী ৭০৬নং)এই সয়য় হাতদুদ্দির পূর্বে ইট্ছয়য়ে মাটিতে রাম্বতেন।(আবু দাউদ ৮০৬নং,তিরমিয়ী ২৬৮নং, নাম ২/২০৭% ইবনে মাজাহ ৮৮২নং, আলবানী য়াদীয়ায়ির ফায়িক লেছেন।)

মাজাহ ৮৮-২ন2, আলবানী হাদীসটিকে যগ্নীফ বলেছেন।) অতঃপর কপাল ও নাক রাখতেন। সিজদাতে কপাল ও নাককে ভূমির সহিত লাগিয়ে দিতেন।(বৰাৰী ৮ ১২নং) হাত(বাহ) দুটিকে পালর থেকে দুরে রাখতেন

এবং ভিত্তার মাথে এতটা কাক করতেন যাতে তাঁব বগলেব পুঁততা দেখা ঘোতারাকার্চ্চ কনুট হতে কজি পর্যন্ত হাতের অংশ) দুটিকে জমিনে বিহিচ্চে রাষ্ট্রেডন না বরুং উপর দিকে তুলে রাষ্ট্রেডন।(বুপরী ৮০ গম) হাত(মুখি) দুটিকে কাধ বরুবের মাটিতে রাষ্ট্রেডন(আরু দুউচ ৭২ ১নং,তির্মানী ৩০বনং, আলবার মাধ্যিমিটিকে সইটি ব্যক্তিন।) কথানো বা কান বারার বিহিন্ত রাষ্ট্রেডন। আনু পাউদ ও২৮নং নাসার্গ ৮০৮নং আদ্বানী হাদীসাটিকে সহীহ বালছেন।) সিজদার সোজা থাকতেন (আধাং শিঠ উচু-নিতু নাহেদে বারাধ্য আত্তনা) পায়ের আসুক পুলিকে কেবলামুখী করতেন।(বুলাই ৮১৮নং) হাতেন হেলাও আস্থাকুপাঞ্জিকে বিছিয়ে দিতেন এবং আসুকাপুলিকে না বুলে রাখতেন, না বন্ধ করে।সিজদায় তিনি পড়াডেন,

"সুবহা-না রাব্দিয়াল আ'লা।"(তিন বার) অর্থ ঃ-আমি আমার সুমহান প্রভুর পবিত্রতা ঘোষণা করছি।(মুসলিম

৭৭২নং) কখনো বা এর সাথে বলতেন,

অর্থ ঃ- হে আলাহ! তোমার সপ্রশংস পবিত্রতা ঘোষণা করিছে আমাদের প্রতিপালক! তুমি আমাকে ক্ষমা কর হে আলাহ!

প্রত্যাপর তরবীর বলে এবং হাত না তুলে নিজনা চুবেক মাখ্য তুলাতেন। হাত দুটিক পূর্বে নাখা উঠাতেন। তারপন বার পা-কে নিছিমে তার উপর বস্যাতন এবক ভান পা-কে বাভা রাখ্যতন।(বুখারী ২১৮নংও মুনলিম ৪৯৮নং) পারের আকুনাপুলিকে কেবলামুখী বরু নিতেন।(নামান্ট ইবনে, উমর চেকে বাবি ক্রেমেন্ট্র-টিনি বল্ল-এটি নামান্তের করিট দুরবাও ১১৭বন, আলবানী মুনীমান্টিকে

সহীব বলেছেন।) হাত দুটিকে দুই জাঙ্গের উপর রাখ্যতন।ভান হাতের কন্মুইকে ভান জাঙ্গের উপর এবং মুটিকে হাঁরি উপর রাখ্যতন।অতগ্রংগ মৃটি আবুন(বুরু। এ মধামা)কে পরস্পর মিনিয়ে বালার মত করতেন এবং তেরনী)আবুল উটিকে দুআ করতেন আর হিবাচন। গুরুইল বিন ছক্তর একুপই তাঁর নিকট ফেরে কর্বনা করেছেন।(আবু দাউদ ৯৫৭নং নামার্গ ১২৬৪নং আলবানী হাদীসাটিকে সহীহ

শুরু করার সময় চুপ থাকতেন। এই রাকআতে আউযু বিল্লাহ--- পড়তেন না যেহেতু নামাযের প্রারম্ভে 'আউয় বিল্লাহ----'ই যথেষ্ট।

থেকে উঠে সোজা হয়ে বসে যেতেন।(বৃথারী ৮২২নং) অতঃপর দুই পায়ের পাতার অগ্র ভাগ ও দুই হাঁটুর উপর চাপ রেখে দুই জাঙ্গের উপর ভর করে খাড়া হতেন--যদি এরপ তার জন্য সহজ হত তাহলে-, নচেৎ কষ্ট হলে(দুই হাত) মাটির উপর ভর দিয়ে দ্বিতীয় রাকাতের জন্য উঠে খাড় হতেন।(বৃখারী ৮২ ৪নং)

১৩ - যখন দিতীয় রাকাতের জন্য উঠে দন্ডায়মান হতেন তখন সাথে সাথে ক্রিরাআত শুরু করতেন এবং চুপ থাকতেন না(মুসলিম ৫৯৯নং) যেমন নামায

দুই সিজদার মাঝে দীর্ঘসময় বসতেন।এই দৈর্ঘ্যের জন্য বলা হত যে,তিনি নিশ্চয় ভলে গেছেন। (বৃখারী ৮২ ৪নং ও মুসলিম ৪৭২নং) ১২ - অতঃপর প্রথম সিজদার মত দ্বিতীয় সিজদা করতেন। তারপর সিজদা

"রাশ্বিগফ্রিরলী রাশ্বিগফ্রিরলী।" অর্থাৎ ঃ- হে আরাহ। আমাকে মার্জনা করে দাও।২বার।(আবু দাউদ ৮৭৪নংনাসাঈ ১১৪৪নংইবনে মাজাহ ৮৯৭নং আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।)

৮৫০নং তিরমিয়ী ২৮৪নং ইবনে মাজাহ ৮৯৮নং আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।) বর্ণিত যে,তিনি দুই সিজদার মাঝে এ দুআও পাঠ করতেন, رَبُّ اغْسَدُ فِسَرُكِي، رَبُّ اغْسَدِ فِسَرُكِي،

للَّسَهُ مَ اغْسَفِ رَلْسِي، وَالرَّحَسَفِ بِسِي وَاحْسَبُريْنِي، وَاهْسِينِي، وَالرُّوُّفُ فِينِي 'আল্লাহস্মাগফিরলী অরহামনী, অজবুরনী অহদিনী অরযুক্বনী।' অর্থ ঃ- হে আল্লাহ আমাকে ক্ষমা কর, আমার উপর রহম কর, আমার প্রয়োজন মিটাও, আমাকে সংপথ দেখাও এবং জীবিকা দান কর।(আবু দাউদ

অতঃপর দুই সিজদার মাঝে বলতেন,

দ্বিতীয় রাকআতও প্রথম রাকাআতের অনুরূপই পড়তেন। অবল। এতে চার্চার্টি বিধ্যালয় করেন্দ্রেল্ড না থাকা, ইচ্ছেন্দ্রভাবর দুয়া না পড়া, তাহরীয়ার তকবীর না বলা এবং প্রথম রাক্তান্তর যত এ রাক্তান্তাকির লেখা না করা। যেহত্ তু তিনি দ্বিতীয় রাকআতকে প্রথম রাকআতের তুলনায় ছোট করে পড়তেন। সূত্ররাহ থেম রাক্তান্তাতি কুলামূলক ভাবে লাহা হত। ১৪ শব্দন কলাহন্ত্রের নতেনে তখন বাহা হাতট্রিক বাম জাপের উপত্ত এবং

ভান হাতটিকে ভান জালের উপর রাখাতেন, আর এই হাতের দুই আধৃল অনাচিক। ও কনিষ্টকে পূটিয়ে রাখাতেন বুজা ও হযামা দিয়ে বালা বানাতেন এবং ভালিকে সোজা খাভা না রেখে-ববং একটু স্কুলিয়ে রেখে দুআ ফাডেন। চালুদুটি এই আশুলোর উপর নিবদ্ধ রাখাতেন এবং বাম করতক্ষকে বাম জাংগন উপর নিষ্টিাই রাখাতেন।

সমতেশা এই ঠৈকে বসার পছতি দুই নিজনার মাঝে ঠৈকে বসার অনুসুপ, হোজন পূর্ব আমোচিত হয়েছে। বাম পায়েরে উপর পাছা রোঝে বস্যুতনা এবং তান পা (এবং পাতা) তে খাড়া রাখতেন।(বুখারী) ৮২৮নং মুসনিম ৪৯৮৮/এই চঠাওে এই পাছতি ছাড়া অন্যা কিছু বর্গিত হয়ারীন।এই ঠৈকে তিনি বলতেন

الله والمستقول إلى والمُشتِين السَّلامُ عَلَيْكُ النَّهِيُّ وَرَحَمَّتُهُ اللَّهِ وَالرَّحَمَّةُ اللَّهُ وَرَكَامُهُ السَّلامُ عَلَيْكُ اللَّهِ وَالرَحْمَةُ اللَّهُ وَرَسُولُهُ عَلَيْكُ إِلَّا اللَّهِ وَالْمُؤْنِّةِ اللَّهُ وَرَسُولُهُ وَاللّهُ وَسُولُوا لَهُ وَاللّهُ وَرَسُولُهُ وَاللّهُ وَرَسُولُهُ وَاللّهُ ولِهُ وَاللّهُ واللّهُ وَاللّهُ وَا

ষ্ট্ৰপূৰ্ত এই এনিকট বিনিক্তি আপা এই প্ৰতি ইন্দ্ৰীক্ষিত্ৰত কৰে কৰে চুক্ত বিনিক্ত "আত তাহিল্যা-তু নিয়া-হি অসমালা-প্ৰয়-তু অত্ত্বভাৱিষিকা,তু আগৰাক, যু আলাইকা আইয়াবুল নাবিইয়া অবাহমাতৃন্ধা-হি অবাবাত্তন,তুও অসমালে তু আলাইনা অ আলা ইক-নিয়া-হিস মা-নিষ্টীন।আশহানু আগত না ইংক-ছোটাইল্লা

অ আশহাদু আমা মুহ"াখান আবদুত অবাস্পূৰ্য।"
আৰ্থ ১- যাবতীয় টোপীৰ, পাৰীনিক আধিক ইবাদত আন্তাস স্থানিত ।
নবী আপনাৰ উপৰ সকল এতান পাঙ্কি আন্তাহৰ ৰহতে এবত তেওঁ তথ্য হোক। আমানত উপৰ সকল এতান পাঙ্কি আন্তাহৰ ৰহতে এবত তেওঁ তথ্য

বৈষ্ঠিত হোক। অন্ধ্রী প্রায়ণ । গ্রিক্টা প্রায়াই ব্যক্তিক কাশ গালে । তাল

১৭ - যখন তিনি শেয বৈঠকে বসতেন তখন পাছা জমিনে লাগিয়ে দিতেন, অর্থাৎ বাম পাছার উপর ভর করে বসতেন এবং ডান জব্ব্বা(হাঁটু হতে গাঁট পর্যস্ত পায়ের অংশ)র নিচে দিয়ে বাম পায়ের পাতার অর্ধেক খানি বের করে রাখতেন। (আবু দাউদ৯৬৫ নং, নামায়ের অধ্যায়ে ইবনে লাহীআহর সূত্রে বর্ণনা করেছেন।যার ব্যাপারে সমালোচনা করা হয়েছে। কিন্তু হাদীসটি অন্য সূত্রে আবু হুমাইদ ইত্যাদি থেকেও এনেছে। ইমাম তিরমিয়ী হাদীসটিকে হাসান সহীহ বলেছেন।আলবানী এটিকে সহীহ বলেছেন।) ডান হাতের প্রকোষ্ঠকে ডান জাঙ্গের উপর বিছিয়ে দিতেন এবং আং হতে দরে রাখতেন না: যাতে কুনুই এর শেষ প্রান্ত জাঙ্গের শেষ প্রান্তে হত।অতংপর এই হাতের দৃটি আঙ্গুল কনিষ্ঠা ও অনামিকাকে গুটিয়ে রাখতেন।বৃদ্ধা ও মধ্যমা দারা বালার মত গোলাকার বানাতেন এবং তন্ধনী হিলিয়ে সেই সঙ্গে দুআ করতেন।(আবু দাউদ ৭২৬নং তিরমিয়ী ২৯৩নং নাসাঈ ৮৮৮নং ইবনে মাজাহ ১১২নং আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন।) পক্ষান্তরে আঙ্গলগুলিকে প্রলম্বিত রেখে বাম হাতকে বাম জাঙ্গের উপর রাখতেন।(মুসলিম ৫৭৯নং) তাশাহত্বদ, হাততোলা, রুকু ও সিজদা করার সময় তার আঙ্গুলগুলিকে

পূর্বে বলা হয়েছে। আর দুই হাতকে দুই কাঁধ বরাবর তুলতেন, যেমন নামাযের প্রারম্ভে তুলতেন।(বুখারী ৭৩৯নং) ১৬ - অতঃপর কেবল মাত্র সূরা ফাতিহা পাঠ করতেন। এবং একথা প্রমাণিত নয় যে তিনি শেষ দুই রাকআতে ফাতেহার পরে অন্য সূরা পড়তেন। (যোহর

১৫ - অতঃপর তকবীর বলে দুই পায়ের পাতার অগ্রভাগ ও দুই হাঁটুর উপর বল করে এবং(দুই হাত দারা) দুই জাঙ্গের উপর ভর করে খাড়া হতেন। যেমন

ব্যতিক্রম)

আরো সাক্ষি দিচ্ছি যে,মুহাম্মদ(সারারাহু আলাইহি অসারাম)তার দাস ও প্রেরিত রসূল।(বুখারী ৮৩১নং মুসলিম ৪০২নং) তিনি এই তাশাহহুদকে খুবই হান্তা

পড়তেন। মনে হত,যেন তিনি তপ্ত পাধরে বসতেন।

কেবলামুখী করতেন এবং পায়ের আঙ্গুলগুলিকেও সিজদায় কেবলামুখী করে রাখতেন।

عدد المعادلة المستوجه المستوجع المستوج

حَمِيةً يَحِيد، اللَّهُمَّ آبَارِكْ عَلَى مُحَمَّدِ وَعَلَى آلِ مُحَمَّدِ، كُمَّا بَارَكْتَ عَلَىٰ إِبْرَاهِيتُم و عَلَىٰ آلِ إِبْرَاهِجِم، إِنْكَ حَمِيْةً شُجِيَّةً

আত্ তাহিয়া-তু নিরা-হি অসনালা-ভ্যা-তু অবুক্তাইটিবা-তু আসমালা-ফু আলাইকা আয়ুরনে নাবিইয়া অবহমাতুয়া-হি অবরাকা-তুহ। অসমালা-ফু আলাইনা অ আলা ইবা-নিরা-হিস সা-নিরীন।আশহানু আল লা ইলা-হা ইরারা-ছ অ আশহানু আয়া হুবাংআদান আবনুরু অবায়নুহ।

(দবুদ)
"আল্লা-হম্মা সনি আলা হৃহাম্মানিত অ অলা আনলি মুহাম্মান কামা
সারাইতা আলা ইবরা-হীমা অ আলা অনলি ইবরা-হীম, ইরাকা হার্মাদুর মাজীল।
আল্লা-হম্মা ব-ত্রিক আলা সুমাম্মানিত অআলা আনলি মুহাম্মান কামা ব-আকতা
আলা ইবরা-হীমা অ আলা আনি কবেন।হীম ইরাকা হার্মাদুর মাজীল।

অর্থ ঃ- হে আনাহা তুমি ব্যবত মুহাম্মদ ও তার বংশধরের উপর রহমত বর্ষণ কর, যেমন তুমি হয়বত ইবরাহীম ও তার বংশধরের উপর রহমত বর্ষণ করেছানাল্য তুমি হয়বত ইবরাহীম

করেছ। নাশ্যর প্রায় প্রশংসত (গেরবাশবত) হে আারাহ। তুমি হযরত মুহাম্ম্যন ও তার বংশধরের উপর বরকত বর্ষন কর,যেমন তুমি হযরত ইবরাহীম ও তার বংশধরের উপর বর্কত বর্ষন করেছ। নিশ্যয় তমি প্রশংসিত গৌরবাশিত।

১৯ - অতঃপর তাশাহহুদ(এবং দরুদ)পাঠ শেষ করলে দুআ করার আগে চারটি

জিনিস থেকে আশ্রয় প্রার্থনা করতেন ও বলতেন, اللَّهُمُ إِنِّى أَشُوفُهِكَ مِنْ مَغَابَرِ حَهَائُمُ وَعَغَابِ الْقَبْرِ وَمِنْ فِتَعْبَةِ الْمُحَمِّيّةِ

والمُسَانِ وَسِنْ صَالِي مَلْهُمُ وَصَالِ اللَّهِ وَاللَّهِ وَاللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ وَالْمُسَانِ وَسِنْ شَرِّ فِنْسَةِ الْمُسْدِينِ النَّاسُ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّهِ اللَّ

"আল্লাহুস্মা ইন্নী আউৰ্যু বিকা মিন আযা-বি জাহানামা অ আযা-বিল কাবরি অমিন ফিতনাতিল মাহয়া৷ অল মামা-তি অমিন শারি ফিতনাতিল মাসীহিদ

দাজ্জা-ল।" অর্থ ঃ- আল্লাহ গো! নিশ্চয় আমি তোমার নিকট জাহানাম ও কবরের আযাব থেকে, জীবন ও মৃত্যুর ফিতনা থেকে এবং দাজজ্জালের ফিতনার অনিষ্ট থেকে আশ্রয়

জীবন ও মৃত্যুব ফিতনা থেকে এবং দাঙজালের ফিতনার অনিষ্ট থেকে আহ্রয় প্রার্থনা করছি। আততাহিয়্যাতু'(ও দর্শ) পড়ার পর এই আহ্রয় প্রার্থনা করা কিছু ওলামার নিকট ওয়াকো। কেননা আলাহের রুগল সান্ধান্তার আলাইহি অসান্ধান্ত এই চারটি

বিষয় থেকে আপ্রয় চাইতে আলেশ দিয়েছেন। তিনি বলেন, "যখন তোমাদের কেউ শোষ তালাছেগ থেকে ফারেন হবে তবন সে যেন চারটি বিষয় থেকে আয়াহর নিকট পানাছ চায়।" এবং ঐ নিয়মগুলি উরোধ করেন। সুসনির ৫৮৮নই) ২০ - এর পর তিনি নামায়ে (এই খেকে) বিভিন্ন প্রকার সুআ করতেন। এই

२० - यह नह चिन्ने नामाय (बाँट एकरत) विकित्त क्रवान मुख्य करायान । य मुख्य प्रमायत अवधि मुख्या क जिन्ने क्यानु वकरा(ता) यत नवाय निका नियाधियान । मैंके हीं, सीमार्ग केंद्र केंद्र केंद्र हों होता है। यह केंद्र केंद्र हों कुससे हो होंने केंद्र हों हों कि कि सीमार्ग की स्वास्त्र केंद्र हों हो

"আন্ন-২ স্মান একা স্থান ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার বিদ্যান ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার ক্রিয়ার আন্তান গান্ত্কর আন্তান ক্রিয়ার ক্রিয়ার আন্তান গান্ত্কর রাহীম

অথাঃ- হে আরাহ। নিত্র আমি নিজের উপর বহু অত্যাচার করেছি এবং তুমি ছাঙা কেউ পাপসমূহ মাজন করতে পারে না। অতএব তুমি আমাকে তেমার তরফ থেকে মাজনা করে দাও। আর আত্মধ উপর দয়া কর, নিশ্চয় তুমি ক্ষমাশীল 43

দয়াবান। (বৃখারী ৮৩৪নংও মুসলিম ২৭০৫নং) এই দুআ সমূহের আর একটি দুআ, اللَّهُمُّ إِنِّي أَعُوْذُ بِكَ مِنَ الْمَأْتُمِ وَالْمَغْرَمِ .

"আল্লাহুস্মা ইন্ধী আউযু বিকা মিনাল মা'সামি অল মাগরাম।" অর্থ ঃ- আল্লাহ গো। নিশ্চয় আমি তোমার নিকট পাপ ও ঋণ থেকে আশ্রয়

প্রার্থনা করছি। (বখারী ৮৩২নং মসলিম ৫৮৯নং)

২ ১ - অতঃপর ভান দিকে (মুখ ফিরিয়ে) সালাম ফিরতেন, السُّلام عَلَيكُم ورَحْمَةُ اللهِ

"আসসালা-মু আলাইকুম অরাহমাতুলা-হ"

এবং এতে তার ডান গালের শুভতা দৃষ্ট হত। অনুরূপ বাম দিকে সালাম ফিরতেন," আসসালা-মু আলাইকুম অরাহমাত্রা-হ "

এবং এতে তার বাম গালের শুভতা দৃষ্ট হত।(আবু দাউদ ৯৯৬নং,তিরমিয়ী ২৯৫নং নাসাঈ ১৩১৫নং ইবনে মাজাহ ৯১৪নং আলবানী হাদীসটিকে সহীহ

বলেছেন।) ২২- সালাম ফিরার পর কেবলা মুখে বসেই তিনবার বলতেন,

'আসতাগঞ্চিরুৱাহ' (অর্থাৎ আমি আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করছি)এবং এক বার বলতেন, لَلْهُمُّ أَنْتَ السُّلاَمُ وَمِنْكَ السُّلاَمُ تَبَارَكْتَ يَاذَا الْخَلاَل وَالإكْرَامِ.

"আল্লা-হুম্মা আন্তাস সালা-মু অ মিনকাস সালা-মু তাবা-রাকতা ইয়া যাল জালা-লি অল ইকরা-ম।" অর্থ ঃ- হে আল্লাহ তুমি সর্বক্রটিমুক্ত (শান্তি) এবং তোমার তরফ থেকেই শান্তি

ত্মি বর্কতময় হে মহিমাময় ও মহানভব। (মসলিম ৫৯১নং) এতটুকু বলার সময়কাল পর্যন্ত কেবলা মুখেই থাকতেন। অতঃপর কখনো বা

ভান দিকে হতে আবার কখনো বা বাম দিক হতে মুকতাদীদের প্রতি ঘুরে বসতেন। ইবনে মাসউদ(রা) বলেন,"আমি আলাহর রসল সাল্লাল্লাছ আলাইহি অসাল্লামকে

বছবার বাম দিক হতে ঘূরতে দেখেছি।(বুখারী ৮৫২নংও মুসলিম ৭০৭নং)

আনাস (রা) বলেন,' আমি আন্নাইর রসূল সান্নান্নাই আলাইহি অসান্নামবে অধিকাংশ ডান দিক হতে ঘুরে বসতে দেখেছি।(মুসলিম৭০৮নং)
কিন্দ্রিয়ান তিব বাচসানের বাচীয

এই পুস্তিকার বিষয়ে আমি অবহিত হলাম এবং এটিকে উপকারী রূপে পেলাম। আল্লার নিকট প্রার্থনা করি, তিনি যেন এর দ্বারায়(মানুষকে) উপকৃত করেন।

বলেছেন এর লেখক মুহাস্মান বিন সালেহ আল-উসাইমীন। ২৮/ ৫/ ১৪০৬ হিঃ

*ফর্য নামা্ট্রের পর পঠনীয় যিকর সমহ *

আব্দুল আয়ীয় বিন আব্দুল্লাহ বিন বায় এর তরফ থেকে অত্র পুস্তিকা পাঠকারী। সমস্ভ মুসলিমের প্রতি-

নবী সাল্লাল্লাছ আলাইহি অসাল্লামের অনুকরণে প্রত্যেক ফর্ব্য নামায়ের পর নিম্মোক্ত যিকর সমূহ পাঠ করা সন্তত ঃ-

أَسْسَتَخْفِرُ اللهِ، أَسْسَتَخْفِرُ اللهِ، أَسْسَتَخْفِرُ اللهِ، أَسْسَتَخْفِرُ اللهِ، اللّهُمُ اللّبَ السُّكَامُ وَرَسُكَ السَّكَامُ البَارِسُ عَلَى اللّهِ اللهِ اللّهِ اللهِ اللهِ عَلَى المُعْرَم لاَ إِنهُ اللّهُ اللّهُ وَحْدَثُهُ لاَ صَرْفِكَ لَهُ، قَهُ السُّلَكِ، وَلَهُ الصَّدْنُ، وَهُوْ عَلَى كُلّ عَنْء

'আসতাগ্ফিরুল্লা-হৃ।'(তিন বার) ''আল্লাহুম্মা আন্তাস সালা-মু অ মিনকাস সালা-মু তাবা-রাকতা ইয়া যাল

"আরাহ্মী আপ্তাস সালা-মু আ মনকাস সালা-মু তাবা-বাকত। হয়। যাণা জালা-লি অল ইকরা-ম।" "লা ইলা-হা ইরারা-হ অহদাহ লা শারীকা লাহ লাহল মলক অলাহল হামদ

অহয়া আলা কুদ্লি শাইয়িন কুাদীর।" অর্থঃ- আল্লাহ হাড়া কোন সত্য উপাস্য নেই,তিনি একক তাঁর কোন শরীক

নেই, তারই জন্য সারা রাজত্ব, তারই জন্য সমস্ত প্রশংসা এবং তিনি সর্ববস্তুর উপর সর্ব শক্তিমান। জাদ।"

لَاَحَوْلَ وَلاَ قَوَّةً إِلاَّ باللَّهِ ، لاَ إِلهَ إِلاَّ اللَّهُ وَلاَ نَعْبُتُ إِلاَّ إِيَّاهُ ، لَهُ النَّعْمَةُ، وَلَهُ الْـفَـطَالُ، وَلَهُ النُّنَاءُ الْحَسِّنُ، لاَ إِلٰهَ إِلَّا اللَّهُ مُخْلِصِيِّنَ لَهُ الديْنَ، وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ. اللَّهُمُّ لاَ مَانِعَ لِمَا

أَعْطَيْتَ، وَلاَ مُعْطِي لِمَا مَنَعْتَ، وَلاَ يَنْفَعُ ذَا الْحَد مِنْكَ الْحَدُّ. "লা হাউলা অলা ক্উওয়াতা ইন্না বিন্না-হ। লা ইলা-হা ইন্নান্না-হু অলা না'বৃদ্

ইরা ইয়া।-হু লাহুন নি'মাত অলাহুল ফায়ল অলাহুস সানা-উল হাসান।লা ইলা-হা

অর্থ ঃ- আল্লাহর প্রেরণা ছাড়া পাপ থেকে ফিরার এবং সংকাজ করার সাধ্য কারো নেই। আল্লাহ ছাড়া কোন সত্য মাবদ নেই। আমরা তিনি ছাড়া আর কারো উপাসনা করিনা। তাঁরই যাবতীয় সম্পদ, অনুগ্রহ এবং উত্তম প্রশংসা। আল্লাহ ছাড়া কেউ সত্য উপাস্য নেই। আমরা বিশুদ্ধ চিত্তে তারই আনুগত্য করি, যদিও কাফেরদল তা অপছন্দ করে। হে আল্লাহ। তুমি যা দান কর তা রোধকারী এবং তুমি যা রোধ কর তা দানকারী কেউ নেই, আর ধনবানের ধন কোন উপকারে আসবে না। এরপর বলবে, 'সুবহা-নাল্লা-হ'(আমি আল্লাহর পবিত্রতা ঘোষণা করি) ৩৩ বার।

অর্থাৎ %- আল্লাহ বাতীত কেউ যোগা উপাস্য নেই। তিনি একক, তার কোন শরীক নেই।তাঁরই জন্য সারা রাজত্ব এবং তাঁরই নিমিত্তে সকল গুণগান আর তিনি

ইব্লারা-ছ মুখলিসীনা লাহন্দীন।অলাউ কারিহাল কা-ফিরুন।আরাহস্মা লা মা-নিআ লিমা আ'তাইতা অলা ম'তিয়া লিমা মানা'তা অলা য্যানফাউ যাল জাদ্দি মিনকাল

'আলহামদ লিল্লা-হ'(সমস্ত প্রশংসা আল্লাহর) ৩৩ বার। 'আল্লা-ছ আকবার'(আল্লাহ সর্বাপেক্ষা মহান) ৩৩ বার। অতঃপর একশত পরণ করতে নিম্মের দআ এক বার বলবে. إَ إِلهَ إِلاَّ اللَّهُ وَحُدَهُ لاَ شَرِيْكَ لَهُ ، لَهُ السُّلُكُ ، وَلَهُ الْحَسُّدُ ، وَهُوَ عَلَى كُل شيء فحديث "লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহ লা শারীকা লাহু লাহুল মূলক অলাহুল হামদ

অহুয়া আলা কৃত্নি শাইয়িন কাদীর।"

সবকিছর উপর ক্ষমতাবান। অতঃপর আয়াতল করসী পাঠ করবে।

﴿ لَكُ لَا إِلَهُ إِلاَّ هُوَ الْحَيُّ الْقَيُّومُ، لاَ تَأْخُذُهُ مِنَةٌ وَّلاَ نَومٌ، لَهُ مَا فِئ السَّعوات ومَا فِئ الأَرْضِ، مَنْ ذَالَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلاَّ بإِذْنِهِ، يَعْلَمُ مَا بَيْنَ ٱلِّدِيْهِمْ وَمَا حَلْفَهُمْ، وَلاّ يُجِيْطُونَ بِسَنَى ، مِنْ عِلْمِهِ إِلاَّ بِمَا شَآءَ، وَسِعَ كُرْسِيُّهُ السَّمواتِ وَالأَرْضَ، وَلا يَعُودُهُ جِنْظُهُمَّا، وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ

অর্থ :- আল্লাহ তিনি ছাড়া কোন (সতা) উপাস্য নেই। তিনি চিরঞ্জীব, অবিনশুর। তাঁকে তন্দ্রা এবং নিদ্রাও স্পর্শ করে না। আকাশ পৃথিবীতে যা কিছু আছে সব কিছু তাঁরই। কে আছে যে তাঁর অনুমতি ছাড়া তাঁর কাছে সুপারিশ করবে? তাদের (মানুষের) সম্মুখে ও পশ্চাতে যা কিছু আছে তা তিনি অবগত আছেন। যা তিনি ইঙ্ছা করেন তা ছাড়া তার জ্ঞানের কিছুই তারা আয়ন্ত করতে পারে না। তাঁর কুসী আকাশমন্ডলী ও পৃথিবীতে পরিব্যাপ্ত। আর ওদের (আকাশ ও পৃথিবীর) রক্ষণা-বৈক্ষণ তার পক্ষে কঠিন নয়,তিনি অতি উচ্চ মহামহিম।

অতঃপর যোহর আসর মাগরিব এশা ও ফজর প্রত্যেক নামায়ের পর সূরা 'কুল ভ্যাল্লা-ভ আহাদ',সূরা ফালাকু ও সূরা নাস পাঠ করবে।মাগরিব ও ফজরের নামাযের পর এ সুরাগুলিকে তিনবার করে পড়বে।আর এটাই হল উত্তম।

আল্লাহ আমাদের নবী মুহাস্মদ বিন আব্দুল্লাহ, তার বংশধর, তার সহচরবৃন্দ এবং কিয়ামত দিবস পর্যস্ত বিশুদ্ধচিতে তার অনুসারীদের উপর রহমত ও শাস্তি

বর্ষণ ককন।

वालाक्त-আব্দুল আযীয় বিন আব্দুল্লাহ বিন বায

নামাযে নামাযীদের কিছু ক্রটির উপর সতকীকরণ।

(শায়খ আব্দুৱাহ বিন আব্দুর রহমান আল জিবরীন) সমস্ত্র প্রশংসা একমাত্র আল্লাহর নিমিত্তে। করুণা ও শান্তি বর্ষিত হোক শেষ নবী মহাস্মদ, তার বংশধর এবং সহচরবন্দের উপর।

হয় এবং এই ইবাদত আদায়ের উপর নির্ধারিত প্রতিদান লাভ করা সম্ভব হয় তা

নামায়ের পদ্ধতিতে বর্ণিত নির্দেশাবলীর অন্যথাচরণ করতে দেখা গেলে-কিছ অন্যথাচরণের উপর সতবীকরণ আশু প্রয়োজন হল;যার প্রতি কিছু হিতাকাঞ্চী

মানুষ অবহিত হয়েছেন:্যদিও এ সবের অধিকাংশই নামায়ের সূত্রত ও পরিপুরক

১ - মসজিদ যেতে খুবই তাড়াহুড়া করা। অথবা মসজিদে(জামাআতে) নামায পড়ার জন্য কিংবা রুকু পাওয়ার জন্য খুব শীঘ্র চলা। এতে ধীরতা ও শিষ্টতা এবং नाभार्यतः भयीमा नष्टे दशः अन्ताना नाभायीत्मत छिष्टार्व दशः दामीत्म वर्गिक (य. "यथन নামায়ের একামত হয়ে যায় তখন তোমরা ছুটে এস না,বরং ওর প্রতি (সাধারণ ভাবে)হেট্টে এস। তোমরা ধীরতা ও শিষ্টতা অবলম্বন কর।"(বখারী,মুসলিম) ২ - যা মানুষের নাকে ঘূণিত দুর্গন্ধ বস্ত যেমন, বিভি, সিগারেট, ইকা ইত্যাদি -যা কুরাস(পিয়াজ ও রসুন পাতার মত এক প্রকার সবজি),রসুন ও পিয়াজ-যাতে ফিরিস্তা ও মানুষে কষ্ট পায় - তার থেকেও অধিক নিকট্টতর গন্ধযক্ত বস্তু খাওয়া বা ব্যবহার করা।অতএব নামাধীর কর্তবা,ঐ সমস্ত দুর্গন্ধময় বস্তু থেকে দূরে থেকে

৩ - ইমামকে রুক্ অবস্থায় পেলে অনেক নামাযী-যারা জামাআত শরু হওয়ার পর আসে তারা-রুকুতে ঝুঁকে যাওয়ার পর তকবীর বলে।অথচ মৌলিক নিয়ম হল, তাহরীমার তকবীর দন্ডায়মান অবস্থায় বলা এবং তারপর রুকু করা। যদি তাড়াতাড়ি করে রুকুর তকবীর ত্যাগ করে দেয় তবে তার নামায় শুদ্ধ হয়ে যাবে

৪ - নামায পড়তে পড়তে আকাশের দিকে দক্টিপাত করা সম্মন্ত্রের দিক অথবা ডানে বামে তাকাতাকি করা : যাতে নামাযে ভুল সংঘটিত হয় এবং মনে মনে কথা

দ্বারা নামাযকে সম্পূর্ণ করতে যত্রবান হওয়ার উদ্দেশ্যে, এবং বহু সংখ্যক লোককে

অতঃপর নামায়ের গুরুত্ব ও মাহাত্যোর প্রতি দৃষ্টি রেখে, যা দ্বারা দায়িত্ব পালন

क्यांवलीत পर्यायञ्क। অন্যথাচরণগুলি নিস্মরপঃ-

সুবাসিত হয়ে মসজিদে আসা।

এবং কেবল তাহরীমার তকবীরই যথেষ্ট হবে।

জাগে। অথচ দৃষ্টি অবনত করতে এবং সিজদার স্থানে দৃষ্টি নিবদ্ধ রাখতে নামার্থ আদিষ্ট হয়েছে।

৫ - নামাযে অধিক নড়া-সরা করা। যেমন দুই হাতের আঙ্গুলকে থাজা-খাজি করা, নখ পরিকার করা, একটানা পা হিলানো, পাগড়ী, ক্রমাল বা একাল সোজা করা ঘড়ি দেখা,বোতাম লাগানো ইত্যাদি; যার কিছু তো নামায নষ্ট করে ফেলে অথবা

ঘড়ি দেখা,বোতাম লাগানো ইত্যাদি; য সওয়াব হাস করে দেয়।

৬ - রুকু দিজদা এবং উঠা-নামা ইমামের আগে আগে করা, অধবা সাথে সাথে করা অধবা ইমামের (বং) পরে পরে করা দুতরাং এ বিবার সতর্কতা ওয়াজেও ৭ - অপ্রয়োজনে তারবিত্র ইত্যাদি নামাথে মুদরাফ(কুকুআন) দেখে পতা অধবা মুদরাফ নিয়ে ইমামের অনুসরব করা। যেহেত্ তা অনর্থক কর্মের মধ্যে গণ্য।

মুসহাদে নিয়ে হমানের অনুসরণ করা। হৈছেওু তা আনক্ষ করেন করে সভাগ অবশ্য মদি তাতে কোন উপকার থাকে যেমন ইমানের ভুল সংশোধন করা ইত্যাদি তাহলে প্রয়োজন অনুমার্থী(মুসহাদ দেখতে) কোন বাধা নেই। ৮ - রুকুতে কুলো হওয়া বা মাধা নিচু করা। কুলো হওয়া বা পিঠকে ধনুকের

৮ - ককুতে কুজা হত্যাবা মাধ্যা মানু কৰা। কুজো ইত্যাবা গৈতেই কনুকৈই মত কৰার বাগাবেং বাহিনে নিৰোধান একুছে। অততৰ কুকুৰাইী তাব পৃষ্ঠদেশকৈ মতল রাখবে। পিঠ থেকে মাধ্যকে না উতু কৰকে, না নিছা ১ - সম্পূৰ্ণ ভাবে সিকান না কৰা। জমিন থেকে কিছু আন্ত উপৰে তুলে বাখা। মেনন যে বাছিল পান্তিৰী গায়তে ইপকে সিকানা বাবত্ৰ-অৰ্থাৎ সে মাধ্যাৰ অৰ্থাতাপ মেনন যে বাছিল পান্তিৰী গায়তে ইপকে সিকানা বাবত্ৰ-অৰ্থাৎ সে মাধ্যাৰ অৰ্থাতাপ

হারা সিরুলা করে এবং তার নালার্ট জমিনে স্পর্ণ করে না, অথবা যে নালাট্টার উপর সিরুলা বরুরে কিন্তু নাল করেন আর্থার জমিন হেকে পারের পাতা দৃটিকে উঠিয়ে রাখে। এমন লোকেরা কেবল পাটিটি আম্বার উপরই নিরুলা করে,অখন সিরুল্য এক স্বার্টার আর্থার উপরই নিরুলা করে,অখন সিরুল্য অস্ব মোট সাভেটি বা মানিলে প্রকিছ।

অঙ্গ মোট সাতটি যা হাদীলে প্রসিদ্ধ।

১০ - বছ ইমামের নামায় এত হারা পড়া,যাতে মুকতাদীগণ তার অনুসরণ
করতে সক্ষম হয় না।এবং ওয়াকেব ফিকর বা দুআ পড়তেও সময় পায় না। এমন
নামায় পড়া স্থিক্টিভতার পরিসন্থী, যা হাদীলে উদ্রেমিত হয়েছে।সুতরাং রুকু ও

নামায পড়া স্থিরচিত্ততার পরিপন্থী, যা হাদীসে উদ্লেখিত হয়েছে। সুতরাং রুকু ও সিজদাতে এতটা সময়কাল থামা উচিত যাতে মুকতাদী ধীরভাবে তাড়াহড়া না করে

তিনবার করে তসবীহ পড়তে সক্ষম হয়।

১১ - তাশাহহদে বসে তন্ত্রনী বা অন্য কোন আঙ্গুলুকে ক্রমাগত হিলানে। অধ্য দুই সাক্ষ্য প্রদানের সময় (আশহাদু আল লা ইলা-হা ইয়ায়া-ছ ___'বলার সক্রমান অধ্যা আরাহর নাম উল্লেখর সময় তন্ত্রনীকে একবার কিবো দুইবার মাক্র চিলাকে হয়।

হিলাতে হয়। ১২ - নামায থেকে বের হওয়ার সময় ও সালাম ফিরার জন্য মুখ গুরাবার সময় ডান দিকে অথবা দুই দিকেই দুই হাত হিলিয়ে ইশারা করা। সাহাবাগণ এই রূপ

করতেন, যা দেখে নবী সারারাহ আলাইহি অসারাম বলেছিলেন, "কি ব্যাপার তোমাদেরকে হাত তুলতে দেখছি, যেন তা দুরস্ত ঘোড়ার লেজ?" তখন সকলে হাত তুলা ত্যাগ করলেন এবং কেবল মুখ ফিরানোডেই যথেষ্ট করলেন।(আবু

হাত তুলা ত্যাগ করলেন এবং কেবল মুখ ফিরানোতেই যথেষ্ট করলেন।(আবু দাউদ,ও নাসাস) ১১ - বহু লোক আছে যারা পরিপূর্ণ লেবাস পরিধান করে না।কেউ তো পায়কাম (পাদিট্র)পরে এবং তার উপস্পপ্রেটি ও পিঠের উপরায়েট্টট শার্ট বা জাহিস

পথে। তাপেও যথন নিজনায় যায় তথন পার্ট উপর নিতে উঠে যায় এএংপায়েলায়া নিত্র নেয়ে যায় ফলে পিঠ ও পাছার কিছু আংশ উন্মুক্ত হয়ে পাঙে, যা লক্ত্রাস্থান্তরে পর্যায়ভুক্ত এবং তা পাকাতের লোকেরা দোখাতে পাঙা অখচ লক্ত্রাস্থানের কিছু অংশ থের হয়ে গেলে নামার বাতিকা হয়ে যায়। ১৪ - বস্তু লোক একে আমাত ভাগ কথন নামায়া গগত সালার ফিবার সালা সালা সালা

১৪- বছ লোক এমন আছে যারা ফরণ নামাম থেকে সালাম ফিরার সাথে সাঞ্চ পর্ববর্তী নামাথীর সহিত মুসাগধা করার উদ্দেশ্যে হাত বাড়িয়ে থাকে এবং 'তার্মালালাম', 'অথবা' হামামান' থলে দুআ করে থাকে, যা বিদ্যাত এবং সলফ থেকে এ কথা বর্ণিত নেই।

সক্ষত (দেও এ কথা বাবাত বা অভাসি, ফরথ নামাধ্যের সালাম ফিরার সঙ্গে সংক্র হাত তুলে দুআ করতে শুরু করা এবং বিধিসম্মত যিকর আফকার পাঠ ত্যাগ করা, যা সুয়তের পরিপদ্মী যিকর আফকার পাঠ করার পদ্ম দুআ করা বিধি সম্মত। হেছেও তুক্ত সময়ে মুখ্য বনুধা হওয়ার আশা করা যায়। অনুধুক্ত সফল নামাধ্যের পর দুআ

ওক্ত সময়ে দুআ কবুল হওয়ার আশা করা বার। ও এবং **আল্লাহই অধিক জানেন।**

১- জ্ঞাতব্য যে,পার্থিব বিষয়ে নব আবিক্ষারাদি বিদ্যাতের পর্যায়ভূক্ত নয়।-অনুবাদক

উপদেশ দেবে এবং নামায়ের জন্য পুনঃপুনঃ তাকীদ করবে। সম্ভবতঃ আল্লাহ

উত্তর ঃ- যদি ঐ বাক্তির পরিজনবর্গ আদৌ নামায না পড়ে তবে তারা কাফের,মুবতাদ্ এবং ইসলাম থেকে বহিত্তুত আর ঐ বাক্তির সহিত একতে বাস করা বৈধ নয়। অবশা তার উপর ওয়াজেব যে, তালেরকে লাওয়াত দেবে,বার বার

প্রশন্তঃ কোন ব্যক্তি তার পরিজনকে নামায় পড়তে আদেশ করা সব্তেও যদি তারা তার কথা না শূনে তাহলে সে ব্যক্তি তাদের সহিত বসবাস করবে এবং মিলামিশা করবে নাকি গৃহ হতে বের (পৃথক)হয়ে যাবে?

রিজনকে নামায পড়তে আদেশ করলে এবং তারা নামায ন পড়লে* প্রশন্ধ- কোন বাক্তি তার পরিজনকে নামায পড়তে আদেশ করা সন্তেও য

বে খাল আমালে (বুলা) পর্যায়ভুক্ত নত্ত প্রপ্রাহাতা ('বুলারী'ও মুগলিম) ১ সেতাওয়া কিতাবিদ দা'ওয়াহ, শায়খ আব্দুল আমীয় বিন বায় ১/৭৪) •পরিজনকে নামায় পড়তে আদেশ করলে এবং তারা নামায় না

আমাদের জনা মতে শুদ্ধ প্রমাণিত নয়। আর কিছু লোক, যারা মনেব নামাদের পর হাত তুপে(পুলা করে) থাকে তা বিদ্যুলাত, যার দেনা- ভিত্তি বাই। যেহেতু, নামা সামারারে আলাইহি অসারামা বাবলা, 'যে কোন এমন কাজ করে যার উপর আমাদের কোন নির্দেশ নেই তা প্রভাগাত।''(মুসলিম) এবং তিনি আরো বলেন, ''যে বাকি আমাদের এ (বীনা) বিষয়ে কিছু এমন কর্ম উদ্ভাবন করবে যা ওব

প্রশ্ন :- নসুল সারারাছ আলাইছি অসারাম থেকে বিশেষ করে ফরয় নামাবের পর হাত তুলে দুআ করার কথা (হাদীসে) উল্লেখ হয়েছে কিঃ যেহেতু কিছু লোক আমাকে বলেছে যে, তিনি ফরয় নামাবের পর সুআর কথা হাত উঠিতেন না। উত্তর :- নবী সারারাছ আলাইছি অসারাম হতে একথা শুল প্রশাবিত নয় যে, তিনি ফরয় নামাবের পর দুই হাত ভুলতেন।অনুবুপ তার সাহাবার্যশ্ব (রা) হতেও -

∗ফর্য নামা্যের পর হাত তলে দুআ

তাদেরকে হেদায়েত করবেন। যেহেত নামায ত্যাগকারী কাফের। আল্লাহ আমাদেরকে পানাহ দিন। কিতাব, সুনাহ, সাহাবাবর্গের বাণী এবং সচিন্তিত অভিমত থেকে এই বিধানের স্বপক্ষে দলীল বর্তমান।

ক্রআন করীম থেকে দলীল, আল্লাহ তা'আলা মুশরিকদের প্রসঙ্গে বলেন, ﴿ فَإِنْ تَابُواْ وَأَقَامُوا الصَّالَاةَ وَآتُوا الرَّكُوةَ فَإِخْرَانَكُمْ فِي الدِّينِ ﴾

অর্থাৎ-অতঃপর তারা যদি তওবা করে, যথাযথ নামায পড়ে ও যাকাত দেয় তরে উক্ত আয়াতের মর্মার্থ এই যে, তারা যদি উল্লিখিত কর্মাদি না করে তাহলে

তারা তোমাদের দ্বীনি ভাই।(সুরা তওবা ১১) তোমাদের ভাই নয়। আর ভাতত্ত্বকছন কোন পাপের কারণে বিন্তু হয় না। যদিও

সে পাপ বড় হয়ে থাকে; কিন্তু ইসলাম থেকে বহিগত হওয়ার সময় সে বন্ধন টুট্টে

সন্ধাহ থেকে দলীল: নবী সাল্লাল্লাছ আলাইহি অসাল্লাম বলেন, "মানুষ এবং কৃফর ও শিকের মাঝে(অন্তরাল) নামায ত্যাগ।"(মুসলিম ৮২নং)সুনান গ্রন্থ সমূহে বরাইদাহ কর্তৃক বর্ণিত হাদীদে তিনি আরো বলেন,"আমাদের মাঝে ও ওদের মাঝে চুক্তিই হল নামায। যে বাক্তি তা পরিত্যাগ করে সে কাফের।"(তির্রামিয়ী ২৬২ ১নং ইবনে মাজাহ ১০৭৯নং আলবানী হাদীসটিকে সহীহবলৈছেন।) সাহাবাবর্গের বাণী থেকে দলীল: মুমিনগণের নেতা উমর(রা) বলেন, "যে ব্যক্তি নামায ত্যাগ করে তার জনা ইসলামে কোন অংশ নেই।"'কোন অংশ'শব্দটি অনির্দিষ্ট ভাবে নেতিবাচক বাকাগঠনে বাবহৃত হয়েছে, যার অর্থ হবে সাধারণ।

আৰ্দুৱাহ বিন শাক্তীক বলেন, 'নবী সাল্লালাছ আলাইহি অসাল্লামের সাহাবাবৃদ্দ নামায ছাড়া অন্য কোন আমল ত্যাগ করাকে কফরী মনে করতেন না। সুচিন্তিত অভিমত প্রসঙ্গে বলা যায় যে, এটা কি জ্ঞানে ধরার কথা যে, যে ব্যক্তির অন্তরে সরমে দানা বরাবর ঈমান আছে, যে নামায়ের মাহাত্রাকে জানে এবং এর প্রতি আল্লাহর দেওয়া ওকত্তকে চিনে তার পরও সে তা ত্যাগ করার উপর অবিচল

অর্থাৎ 'না সামান্য অংশ, না অধিক।'

জনা বৈধ নয়। এবং কাফের পুকষরাও মুমিন মহিলাদের জনা বৈধ নয়।"(সূর মুমতাহেনা/১০আয়াত) আবার বিবাহ বন্ধনের পর যদি নামায ত্যাগ করে তবে সে বন্ধনও টুটে যাবে

डामाल बागान. ﴿﴿ وَلَا مَنْ مُنْكُولُ وَلَا مِنْ مِنْ لَا تَرْضِعُنْ إِلَى تَكُمُّلُ لِلْ مُنْ مِلْ لَيْنِ وِكُمْ مِيلُونَ م معالد - प्राचित (cottail inface onle हा जावा किनवानिमी(पुस्ति परिका) उरव जारमदाक कारफबामत निकों किविद्या कि ना पुस्ति प्रविकात करफबाम कुकामन

সমিবিষ্ট বাহেছে, প্ৰথমত ১- মুসলিম নাবীৰ সহিত বেনামামীৰ বিবাহ শুচ হবে না। নামায না পড়া অবস্থায় যদি তাৰ বিবাহ বন্ধন হয়ে থাকে তবে বিবাহ বাতিল পরিগণিত হবে এবং খ্রী তার জনা হালাল হবে না। শ্ৰেহত আন্নাহ তা-আলা মহাজিব মহিলাদেব

৪ - অথবা ঐ গুলি অনির্দিষ্ট, যা নামাযত্যাগীর কুফরের হাদীস সমূহ দ্বারা নির্দিষ্ট করা হবে। যখন এ কথা স্পষ্ট যে, নামায ত্যাগকারী কাফের তখন এর উপর কিছ বিধান

 ত - অথবা ঐ দলীল সমূহ এমন অবস্থায় সীমাবদ্ধ যে অবস্থায় এই নামাযতাাগীর কোন এখন ঝাকে:
 ৪ - অথবা ঐ গলি অমির্দিষ্ট যা নামাযত্যাগীর কফরের হাদীস সম্প্র যারা নির্দিষ্ট

মালোচ্য বিষয়ের গ্রহণযোগ্য দলাল নথা) ২ - অথবা ঐ দলীল সমূহ এমন গুলে সীমাবছ যার সাথে নামায ত্যাগ করা

তা চারটি কথার মধ্যেই সীমাবদ্ধ পেয়েছি।
১- ঐ সমস্ত দলীলপঞ্জীতে মূলতঃ এ কথার কোন দলীলই নেই।(অর্থাৎ ঐ গুলি
আলোচ্য বিষয়ের গ্রহণযোগ্য দলীল নয়।)

থারা বলেন, নামাযত্যাগী কাফের নয় তাঁদের দলীল সমূহকে ভেবে-চিন্তে দেখে

থাকে? এমন হওয়া অসম্ভব।

অসম্ভব।

তাকে মরুভূমিতে(ময়দানে) নিয়ে গিয়ে একটি গর্ত খুঁড়ে তার পরিহিত কাপড়েই পুতে ফেলব। যেহেতু তার কোন সম্মান নেই। একথার উপর ভিত্তি করে বলা যায়

তাহলে আমরা তাকে কি করব গ

পঞ্চমতঃ- বেনামাযী মারা গেলে তাকে গোসল দেওয়া এবং কাফন পরানো হবে না, তার উপর জানাযার নামায পড়া হবে না এবং মুসলমানদের কবরস্থানে তাকে দাফন করাও হবে না।

বেনামাযী ছেলে এবং এক দুরের নামাযী চাচাতো ভাই রেখে মারা যায় তাহলে ঐ নামাযী লোকটির ওয়ারেস কে হবে? ঐ দূরের চাচাতো ভাই তার ওয়ারেস হবে, তার নিজের ছেলে নয়। যেহেতু নবী সাল্লাল্লাল্ আলাইহি অসাল্লাম উসামা(রা) এর বর্ণিত হাদীসে বলেন,"মুসলিম কাফেরের এবং কাফের মুসলিমের ওয়ারেস হবে না।"(বৃখারী ৬৭৬৪নং ,মুসলিম ১৬১৪নং)

যেন মসঞ্জিদুল হারামের নিকটবর্তী না হয়।"(সুরা তওবা/২৮) চতুর্থতঃ- যদি তার কোন নিকটাগ্রীয় মারা যায় তবে তার মীরামে(ত্যক্ত সম্পত্তিতে) এর কোন হক বা অধিকার নেই। সূতরাং কোন নামাযী বাপ যদি

অর্থাৎ-"হে ঈমানদারগণ। মুশরিকরা তো অপবিত্র, সুতরাং এ বছরের পর তারা

যেহেত্ আল্লাহ তাআলা বলেন, ﴿ اللَّهُ اللَّهُ مِنْ آمُّوا إِنَّمَا الْمُشْرِكُونَ نَحَسَّ فَلاَ يَقْرُبُوا الْمَسْحِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هَذَا ﴾

মাংস নিকষ্টতর হবে-- আল্লাহ আমাদেরকে পানাহ দিন। তৃতীয়তঃ- বেনামাযীর জন্য মক্কা মুকার্রামায় বা তার হারামের সীমার মধ্যে প্রবেশ করা অবৈধ।

এবং তার জন্য স্ত্রী বৈধ হবে না। এর দলীল পূর্বোক্ত আয়াত। দ্বিতীয়ত ঃ- এই বেনামায়ী ব্যক্তি যদি পশু যুৱেহ করে তবে তার যুৱেহকৃত পশুর মাংস খাওয়া যাবে না। কেন? কারণ তা হারাম।অথচ যদি কোন ইহুদী অথবা খ্রীষ্ট্রান যবেহ করে তবে তাদের যবেহকৃত পশুর মাংস আমাদের জন্য খাওয়া হালাল। সূতরাং ইয়াহদী বা খ্রীষ্টানের চেয়ে(নামধারী মুসলিম) বেনামাযীর যবেহকৃত পশুর

যে,যদি কারো নিকটে কেউ মারা যায় এবং সে জানে যে মৃত ব্যক্তি নামায পড়ত না তাহলে তার জানাযার নামায পড়ার জন্য ঐ লাশকে মুসলমানদের সামনে পেশ

করা তার পক্ষে বৈধ নয়। ষষ্ঠতঃ- কিয়ামতের দিন বেনামাযীর হাশর ফিরআউন, হামান, কারুন,উবাই বিন খলফ প্রভৃতি কুফরের নেতৃবর্গের সাথে হবে। আল্লাহ আমাদেরকে পানাহ দিন। সে জান্নাতে প্রবেশ করবে না। এবং তার কোন আত্রীয়র পক্ষে তার জন্য রহমত ও

মাগফিরাতের দুআ করা বৈধ হবে না। যেহেতু সে কাফের এবং সে রহমত ও মাগফিরাতের হকদার নয়। অতএব হে ভ্রাতৃবৃন্দ! সমস্যা বড় বিপজ্জনক। কিন্তু আফশোস! এতদ্সন্ত্রেও

কিছু লোক এ বিষয়ে অবহেলা করে এবং বেনামাযীকে গৃহে স্থান দিয়ে থাকে! অথচ তা বৈধ শ্ৰ এবং আল্লাহই অধিক জানেন। আল্লাহ আমাদের নবী মুহাম্মাদ, তাঁর বংশধর

ও সমস্ত সাহাবাবৃদ্দের উপর করুণা ও শান্তি বর্ষণ করুন। (আসইলাতম মৃহিস্মাহ, ইবনে উসাইমীন: ১১পঃ)

বেনামাথীর রোযা

প্রশ্ন ৪- মুসলমানদের কিছু ওলামা সেই মুসলিমের নিন্দাবাদ করেন যে রোযা রাখে এবং নামায় পড়ে না। কিন্তু রোযার উপর নামায়ের প্রভাব কি ? আমার ইচ্ছা যে রোযা রেখে(জান্নাতের) 'রাইয়ান' গেটে প্রবেশকারীর সঙ্গে প্রবেশ করব, আর এ কথাও বিদিত যে, 'এক রমযান থেকে অপর রমযান মধ্যবতী সকল গোনাহকে

ক্ষালন করে।'এ বিষয়ে আলোকপাত কামনা করি। আল্লাহ আপনাকে তওফীক ष्ट्रिस। উত্তর ঃ- যারা তোমার নিন্দা করেছেন যে, তুমি রোযা রাখ অথচ নামায পড়না-

তাঁরা তোমার নিন্দাবাদে সত্যাশ্রয়ী। যেহেতু নামায ইসলামের খুঁটি, যা ব্যতিরেকে ইসলাম প্রতিষ্ঠিত হতে পারে না এবং বেনামায়ী কাফের ও ইসলামের মিল্লত থেকে

সূতরাং তোমার প্রভুর প্রতি তোমাকে তওবা(অনুশোচনার সাথে প্রত্যাবর্তন) করা ওয়ান্তেব। আল্লাহ যে তোমার উপর নামায ফরয করেছেন তা পালন করে

নামায তাাগ করা তো কৃফ্র। তাহলে কি করে সম্ভব যে, রোযা তোমার শ্চালন করবে?

মধ্যবতী সকল গোনাহকে ক্ষালন করে দেয়'- তো এর জওয়াবে বলি যে, তুমি এ বিষয়ে বর্ণিত হাদীসটাই জানতে(বা বুঝতে)পারনি। রসূল সা**রারা**ছ আলাইহি অসাল্লাম বলেন,"পাচ ওয়াক্ত নামায, জ্মআহ থেকে জ্মআহ এবং রমযান থেকে রমযান এর মধ্যবতী সকল গোনাহকে ক্ষালন করে দেয়- যতক্ষণ পর্যন্ত কাবীরা গোনাহ সমূহ থেকে দূরে থাকা হয়।" সূতরাং রমযান থেকে রমযান এর মধ্যবতী পাপসমূহ ক্ষালিত হওয়ার জন্য নবী সাল্লাল্লাছ আলাইহি অসাল্লাম শর্তারোপ করেছেন যে, কাবীরা গোনাহ সমূহ থেকে দূরে থাকতে হবে।কিন্তু তুমি তো নামায পড়না, আর রোযা রাখ। যাতে তৃমি কাবীরা গোনাহ থেকে দূরে থাক না।যেহেতু নামায ত্যাগ করার চেয়ে অধিক বড় কাবীরা গোনাহর কাজ আর কি আছে? বরং

"ওদের অর্থ-সাহায্য গৃহীত হতে কোন বাধা ছিল না।তবে বাধা এই ছিল যে, ওরা আল্লাহ ও তদীয় রসূলকে অস্থীকার(কুফরী) করে এবং নামায়ে আলস্যের সঙ্গে উপস্থিত হয় আর অনিচ্ছাক্ত ভাবে অর্থদান করে।"(সুরা তওবা৫ ৪ আয়াত) সূতরাং এই কথার উপর ভিত্তি করে - যদি তুমি রোযা রাখ এবং নামায না পড় তাহলে- তোমাকে আমরা বলি যে, তোমার রোযা বাতিল ও অশুদ্ধ। আল্লাহর নিকট তা কোন উপকারে আসবে না এবং তা তোমাকে আল্লাহর সান্নিধ্য দান করতেও

পারবে না। আর তোমার অমূলক ধারণা যে,'এক রমযান থেকে অপর রমযান

﴿ وَمَا مَنْعَهُمْ أَنْ تُقَبَّلَ مِنْهُمْ نَفَقَاتُهُمْ إِلاَّ أَنْهُمْ كَفَرُواْ بِا فَيْ وَبِرَسُولِهِ وَلاَ يَأْتُونَ الصَّلاَةَ إِلاَّ وَهُمْ كُسَالِي وَلاَ يُنْفِقُونَ إِلاَّ وَهُمْ كَارِهُونَ﴾

বহির্ভূত।আর কাফেরের নিকট থেকে আল্লাহ রোযা,সাদকা,হজ্জ এবং অন্যান্য কোনও নেক আমল কবুল করেন না। যেহেতু আল্লাহ পাক বলেন,

নামায পড়বে এবং তার পা দুটিকে কেবলার দিকে রাখবে। অবশ্য কেবলা মুখ করার জন্য মাথাটা একট্ট উঁচু করে নেওয়া উত্তম। যদি পা দুটিকে কেবলার দিকে না ফিরাতে পারে তাহলে যে অবস্থায় থাকে ঐ অবস্থাতেই নামায় পড়বে এবং আর পুনরায় পড়তে হবে না।

সে দিকেই মুখ করে নামায় পড়বে। এতে তার নামায় শুদ্ধ হয়ে যাবে এবং পুনরায় পড়তে হবে না। ৪ - যদি পার্শ্বদেশে শয়ন করেও নামায় পড়তে অক্ষম হয় তাহলে চিৎ হয়ে

অবস্থায় চারজানু হয়ে বসাই উত্তম। ৩ - যদি বসেও নামায না পড়তে পারে তাহলে পার্ল্ব দেশে(করোট হয়ে)শয়ন করে নামায পড়বে। কেবলার দিকে সম্মুখ করবে।ডান পার্স্থে শয়ন করেই নামায পড়া উত্তম।যদি কেবলা মুখ করতে সক্ষম না হয় তাহলে যেদিকে তার সম্মুখ থাকে

মনে করলে দেওয়াল কিংবা লাঠির উপর ভর করে হয়। ২ - যদি খাড়া হতে সক্ষম না হয় তাহলে বসে নামায পড়বে। কিয়াম ও রুক্র

 রোগী কিভাবে নামায পড়বে?* ১ - ফর্ম নামায রোগীর জন্যও দাঁড়িয়ে পড়া ওয়াক্তেব-যদিও ঝুঁকে বা প্রয়োজন

(লিখেছেন- মুহাস্মদ বিন সালেহ আল উসাইমীন।)

অতএব দুই সাক্ষ্যদানের পর নামায,অতঃপর যাকাত দিয়ে(দাওয়াত)শুরু করেছেন।

(রা)কে যখন ইয়ামান প্রেরণ করেন তখন তাঁকে বলেছিলেন,"ওদেরকে তোমার প্রথম দাওয়াত যেন'আল্লাহ ছাড়া কোন সত্য উপাসা নেই এবং মুহাম্মদ তাঁর রসূল'- এই সাক্ষ্যদানের প্রতি হয়। যদি ওরা তা তোমার নিকট থেকে গ্রহণ করে তবে তাদেরকে জানিয়ে দাও যে,আল্লাহ ওদের উপর প্রত্যেক দিবা-রাত্রে পীচ ওয়াক্ত নামায ফর্য করেছেন।

তার পর রোযা রাখা উচিত। এই জনাই নবী সাল্লাল্লাছ আলাইহি অসাল্লাম মূআ্য

 ৫ - নামাযে রুক্ সিজদা করা রোগীর উপরও ওয়াক্তেব। যদি তা করতে সক্ষম না হয় তাহলে ঐ সময় মাথা হিলিয়ে ইশারা করবে। রুকু অপেক্ষা সিজদার সময় মাথাকে অধিক নিচু করবে। যদি সিজদা ছাড়া রুকু করতে সঞ্চম হয় তাহলে রুকুর সময় রুকু করবে এবং সিজদার সময় ইশারা করবে। পক্ষান্তরে যদি রুকু ছাড়া সিজদা করতে সক্ষম হয় তাহলে সিজদার সময় সিজদা এবং রুকর সময় ইশার করবে।

৬ - রুকু ও সিজদার সময় যদি মাথা হিলিয়ে ইশারা করতেও অক্ষম হয় তাহলে দুই চক্ষু দ্বারা ইশারা করবে।রুকুর সময় অল্প খানিক চক্ষু নিমীলিত করবে এবং সিজদার সময় অধিক উত্তম রূপে চচ্ছু মুদ্রিত করবে। কিন্তু আঙ্গুল দ্বারা ইশারা-যা কিছু রোগী করে থাকে -তা শৃক্ষ নয়। এবং কিতাব সুন্নাহ অথবা আহলে ইলমদের বাণী থেকে এ কথার কোন ভিত্তি আমি জানি না।

৭ - যদি মাথা হিলিয়ে এবং চচ্ছু স্বারাতেও ইশারা করতে অক্ষম হয় তাহলে মনে মনে নামায পড়বে। তকবীর বলবে, সূরা পাঠ করবে এবং অস্তরে রুক্,সিজদা, কিয়াম ও বৈঠকের নিয়ত(মনে মনে কম্পনা) করবে। আর প্রত্যেক মানুষের তাই (প্রাপা) হয় যার সে নিয়ত করে থাকে। প্রত্যেক নামায তার যথা সময়ে পড়া রোগীর জন্যও ওয়াজেব। যতটা

করতে সক্ষম নামায়ের ততটা ওয়াজেব(যথা নিয়মে) পালন করবে। যদি যথা সময়ে প্রত্যেক নামায় পড়তে কট্ট হয় তাহলে সে যোহর ও আসরকে এবং মাগরিব ও এশাকে একই সময়ে জমা করে পড়তে পারে। আসরকে যোহরের সাথে আগিয়ে এবং এশাকে মাগরিবের সাথে আগিয়ে জমা তাকদীম(অগ্রিম জমা)করবে।নতবা যোহরকে আসরের সাথে পিছিয়ে এবং মাগরিবকে এশার সাথে পিছিয়ে জমা তা' খীর (পশ্চাৎ জমা) করবে। যেমন তার জনা সুবিধা ও সহজ হবে তেমনি ভাবে নামায জমা করে আদায় করবে।অবশা ফজরের নামায়কে অগ্র-পশ্চাতের কোন নামায়ের

সহিত জমা করা যাবে না। ১ - রোগী যদি অন্য শহরে চিকিৎসা করাতে মুসাফির হয় তাহলে(কষ্ট না

হলেও)চার রাকআত বিশিষ্ট নামায কসর (সংক্ষেপ) করে পড়বে। সূতরাং যোহর

আসর ও এশার নামায দু দু রাকআত করে পড়বে।এই রূপ ততদিন করবে যতদিন নিজের শহরে ফিরে না এসেছে- চাহে তার সফরের সময়কাল দীর্ঘ হোক অথবা সংকীর্গাণ্ড

(শায়খ মুহাস্মাদ বিন সালেহ আল উসাইমীন)

অন্ত্যেষ্টিক্রিয়া ও জানাযার নামায

(भाग्नच আबुल आयीय विन आबुन्नाश विन वाय।)

